প্রশ্নোত্তরে সহজ নাহবে মীর



সম্পাদনা
হাফেয মাওলানা হাবীবুর রহমান

www.islamijindegi.com

মুসলিম বিশ্বের উলামা-মাশায়েখ সমর্থিত, মাদরাসা শিক্ষাবোর্ড, বেফাকুল মাদারিস বাংলাদেশ, ইত্তেহাদুল মাদারিস, তানযীমুল মাদারিস, গওহরডাঙ্গা বেফাক এবং সিলেট ইদারা -এর নিম্ন মাধ্যমিক স্তরের বোর্ড পরীক্ষার কিতাব হিসাবে নির্ধারিত।

প্রশ্নোত্তরে
সহজ নাহ্‌বেমীর

নাহ্‌বেমীর -এর বর্ধিত প্রশ্নোত্তর সংস্করণ

মূল
মীর সাইয়েদ শরীফ (রহ.)

হাফেয মাওলানা মুহাম্মদ হাবীবুর রহমান
শাইখুল হাদীস, মাদরাসা দারুর রাশাদ মীরপুর, ঢাকা
-এর পরামর্শক্রমে

মাওলানা মুহাম্মদ হাবীবুর রহমান (কিশোরগঞ্জ)
কর্তৃক সংকলিত

আল-কাউসার প্রকাশনী
ইসলামী টাওয়ার, পাঠকবন্ধু মার্কেট
১১,বাংলাবাজার, ঢাকা। ৫০, বাংলাবাজার, ঢাকা।
ফোন ঃ ৭১৬৫৪৭৭, মোবাইল ঃ ০১৭১৬-৮৫৭৭২৮

www.islamijindegi.com

প্রকাশক
মুহাম্মদ ব্রাদার্স
২১৭, ব্লক-৩ মিরপুর-১২, ঢাকা।
ফোনঃ ৯০০৯৫২৯
মোবাঃ ০১৭১-৩৯১৬৯৭

প্রকাশকাল
জুমাদাল উখরা, ১৪২৪ হিজরী

সর্বস্বত্ব সংরক্ষিত

অক্ষর বিন্যাস
আল-কাউসার কম্পিউটার্স,
মিরপুর, ঢাকা-১২১৬

মূল্য ঃ এক শত টাকা মাত্র।

মুদ্রণ
মোহাম্মদী প্রিন্টিং প্রেস
লালবাগ, ঢাকা।

প্রাপ্তিস্থান
চকবাজার, বাংলাবাজারসহ দেশের অভিজাত লাইব্রেরীসমূহ

www.islamijindegi.com

প্রশ্নোত্তরে সহজ নাহবেমীর -এর

কয়েকটি বৈশিষ্ট্য

- মূল কিতাবে নেই এমন বহু গুরুত্বপূর্ণ মাসআলা সংযোজন।
- মূল কিতাবের সাথে সামঞ্জস্য রেখে প্রশ্নোত্তর সংযোজন।
- প্রতিটি আলোচনার শেষে অনুশীলনী সংযোজন।
- প্রচলিত আধুনিক আরবী উদাহরণ সংযোজন।
- আরবী উদাহরণের বাংলা অর্থ সংযোজন।
- আরবীর পাশাপাশি বাংলা প্রতিশব্দ সংযোজন।
- কিতাবের বিষয় ও লেখক পরিচিতি সংযোজন।
- নাহবেমীরের 'খুলাছা' -এর মতন ও তরজমা সংযোজন।
- সংক্ষেপে একশত আমেল-এর বর্ণনা সংযোজন।
- 'জুমাল'-এর তরজমা ও তারকীব সংযোজন।
- নাহবেমীরের উল্লেখিত উদাহরণসমূহের তারকীব সংযোজন।
- কিতাবের বিষয়াদি সহজে খুজে পাওয়ার সুবিধার্থে কিতাবের শুরুতে একটি বিস্তারিত ও অনন্য সূচীপত্র সংযোজন।

www.islamijindegi.com

প্রসঙ্গ কথা

نحمده ونصلى على رسوله الكريم اما بعد

মনের ভাব প্রকাশের জন্য মানুষ ভাষা ব্যবহার করে। বর্তমান বিশ্বে যত ভাষা প্রচলিত আছে তন্মধ্যে আরবী ভাষার স্থান ও মর্যাদা সকল দিক দিয়ে সর্বোচ্চে। কুরআন ও হাদীছ উভয়টির ভাষাই আরবী। তাই মুসলমানদের জন্য আরবী ভাষা শিক্ষা করা অপরিহার্য। যে কোন ভাষা শুদ্ধরূপে লিখতে, পড়তে ও বলতে গেলে সে ভাষার ব্যাকরণ সম্পর্কে অবগতি লাভ করা অত্যাবশ্যক। আরবী ব্যাকরণকে কেন্দ্র করে ছাহাবায়ে কেরামের যুগ থেকে শুরু করে আজ পর্যন্ত বহু গ্রন্থ রচিত হয়েছে। তন্মধ্যে মীর সায়্যেদ শরীফ (রহ.) কর্তৃক ফারসী ভাষায় রচিত 'নাহবেমীর' কিতাবটি ইলমী মহলে সর্বাধিক সমাদৃত। যুগ যুগ ধরে দরসে নিযামীর পাঠ্যসূচীতে কিতাবটি এক বিশেষ গুরুত্বপূর্ণ স্থান দখল করে আসছে।

বাংলা উর্দু ও ফার্সী ভাষায় কিতাবটির বহু অনুবাদ ও ব্যাখ্যাগ্রন্থ প্রকাশিত হয়েছে। বাংলা ভাষাভাষী ছাত্র-ছাত্রীরা কিতাবটি যাতে সহজে আয়ত্ব করতে পারে সে লক্ষ্যে ইতোপূর্বে আমরা কিতাবটির মূল ভাষা ফারসী থেকে বাংলায় রূপান্তর করে "সহজ নাহবেমীর" নামে ছাত্র-ছাত্রীদের হাতে তুলে দিয়েছিলাম। পাঠক মহলে তা যথেষ্ট সমাদৃত হয়েছে। অনেক মাদরাসার আসাতিযায়ে কিরাম কিতাবটিকে তাদের পাঠ্যসূচীতেও অন্তর্ভূক্ত করে নিয়েছেন।

পরবর্তীতে আমরা ছাত্রদের রুচি ও মননশীলতা সামনে রেখে প্রশ্নোত্তর আকারে কিতাবটিকে সাজানোর উদ্যোগ গ্রহণ করি। মাদরাসা দারুর রাশাদের তরুণ উস্তাদ আমাদের স্নেহাস্পদ মাওলানা হাবীবুর রহমান এই গুরুত্বপূর্ণ কাজটি আঞ্জাম দিয়েছেন। আল্লাহ তা'য়ালা তাকে ইলম ও আমলে আরো তারাক্কী নছীব করুন।

মূল কিতাবের সাথে পূর্ণ সামঞ্জস্য বজায় রেখে সহজ-সরল ভাষায় শুধু প্রশ্নোত্তর আকারে এ কিতাবটিকে সাজানো হয়েছে। ইলমে নাহুর বেশ কিছু গুরুত্বপূর্ণ মাসআলা, যা মূল কিতাবে স্থান পায়নি, সেগুলোকেও বিভিন্ন নির্ভরযোগ্য কিতাব থেকে চয়ন করে এতে সন্নিবেশিত করা হয়েছে। আমাদের বিশ্বাস দ্বীনী মাদরাসার সকল ছাত্র-ছাত্রীদের জন্য আরবী ব্যাকরণের মূল মাসআলাগুলো অতি সহজে বুঝতে ও আয়ত্ব করতে কিতাবখানা বিশেষ সহায়ক হবে ইনশাআল্লাহ।

পরিশেষে পাঠক মহলে আরজ, সাধ্যমত চিন্তা-চেষ্টা করার পরও ভুল-ত্রুটি থেকে যাওয়া অস্বাভাবিক কিছু নয়। অতএব, কারো চোখে কোন ভুল পরিলক্ষিত হলে বা বইটির মান উন্নয়নের ব্যাপারে কোন সুপরামর্শ থাকলে আমাদেরকে জানালে কৃতজ্ঞ হবো।

আল-কাউসার প্রকাশনী
তারিখ ঃ ৯ই জুমাদাল উখরা, ১৪২৪হি

বিনীত
প্রকাশক

www.islamijindegi.com

কিতাবের বিষয় ও লেখক পরিচিতি

বিষয় পরিচিতি

আভিধানিক অর্থ ঃ نحو শব্দের আভিধানিক অর্থ– পদ্ধতি, ইচ্ছা করা ইত্যাদি।

পারিভাষিক অর্থ ঃ

النحو علم بالوصول يعرف بها احوال اواخر الكلم الثلاث من حيث الاعراب والبناء وكيفية تركيب بعضها مع بعض –

অর্থাৎ ইলমে নাহব এমন কতিপয় নিয়ম-কানুন জানার নাম যার মাধ্যমে মু'রাব ও মাবনী হিসেবে শব্দের শেষ অক্ষরের অবস্থা জানা যায় এবং বাক্য গঠনের পদ্ধতি সম্পর্কিত যাবতীয় জ্ঞান অর্জন করা যায়।

উদ্দেশ্য ঃ ইলমে নাহ্ব-এর উদ্দেশ্য হচ্ছে আরবী ভাষা ব্যবহারের ক্ষেত্রে ভুল-ত্রুটি থেকে মুক্ত থাকা।

আলোচ্য বিষয়ঃ ইলমে নাহুর আলোচ্য বিষয় হলো 'কালেমা' এবং 'কালাম'।

ইলমে নাহুর পাঠ্য কিতাব ঃ ○ নাহবেমীর ○ মিয়াতে আমেল ○ শরহে মিয়াতে আমেল ○ হিদায়াতুন নাহ্ব ○ কাফিয়াহ ○ শরহে জামী ○ শরহে ইবনে আকীল

লেখক পরিচিতি

জন্ম ও বংশ ঃ নাহবেমীর গ্রন্থকারের প্রকৃত নাম আলী। কুনিয়াত আবুল হাসান। লকব যায়নুদ্দীন। পিতার নাম মুহাম্মদ, দাদার নাম আলী। তিনি মীর সাইয়েদ শরীফ নামে প্রসিদ্ধ ছিলেন। তিনি ২২ শে শা'বান, ৭৪০ হিজরী সনে ইরানের জুরজান নামক স্থানে জন্মগ্রহণ করেন।

শিক্ষা জীবন ঃ মীর সাইয়েদ শরীফ (রহ.) ছোট বেলাতেই প্রাথমিক শিক্ষা বিশেষভাবে আরবী সাহিত্য তথা ইলমে আদব শিক্ষা লাভ করেন। অতঃপর তিনি শরহে মাতালে', কুতবী প্রভৃতি কিতাবাদী স্বয়ং গ্রন্থকারের নিকট পড়ার উদ্দেশ্যে হেরাত গমন করেন। তিনি যখন হেরাত পেঁছেন তখন কুতুবুদ্দীন (রহ.) বৃদ্ধাবস্থায় উপনীত হয়ে গিয়েছিলেন। তিনি তাকে দেখে বললেন, তোমাকে পড়ানোর মত শক্তি এখন আর আমার বাকী নেই। তাই তুমি আমার ছাত্র মোবারক শাহের নিকট কায়রোতে চলে যাও। তিনি তাঁর কথা মত কায়রোতে গমন করেন এবং মোবারক শাহের নিকট বিভিন্ন বিষয়ে জ্ঞান লাভ করেন।

ইলমের গভীরতা ঃ সাইয়েদ সাহেব (রহ.) -এর উস্তাদ মোবারক শাহের বাড়ী মাদরাসার অতি সন্নিকটে ছিল। তার ঘরের দরজা মাদরাসার দিকেই ছিল। এক রাতে মোবারক শাহ (রহ.) ছাত্ররা কী করছে তা দেখার জন্য চুপচাপ ঘর থেকে

www.islamijindegi.com

বের হলেন এবং চলতে চলতে মীর সাইয়েদ শরীফ (রহ.) -এর কামরার সামনে এসে থামলেন। এ সময় মীর সাহেব পিছনের পড়া পড়ছিলেন। এভাবে পড়তে পড়তে এক পর্যায়ে তিনি বলতে লাগলেন– "গ্রন্থকার এ মাসআলাটি এভাবে উপস্থাপন করেছেন, ব্যাখ্যাকারক মাসআলাটিকে এভাবে বর্ণনা করেছেন, মুহতারাম উস্তাদ এ সম্পর্কে এ কথা বলেছেন এবং আমি এ মাসআলাটি এভাবে বয়ান করছি।"

এ মাসআলা সম্পর্কে স্বীয় ছাত্রের এ বর্ণনাটি মোবারক শাহ (রহ.) -এর এতই পছন্দ হল যে, তিনি আনন্দে আত্মহারা হয়ে পড়লেন। তদুপরি এ ঘটনা তিনি এত বেশি প্রভাবান্বিত হলেন যে, পরদিন সকাল থেকে সাইয়েদ শরীফের জন্য পৃথক দরসের ব্যবস্থা করেদিলেন।

সুলূক ও তাছাওউফ ঃ মীর সাহেব (রহ.) ইলমে জাহেরের সাথে সাথে ইলমে বাতেন দ্বারাও অলংকৃত হয়েছিলেন। তিনি হযরত খাজা সাইয়েদ বাহাউদ্দীন (রহ.) এর খলীফা খাজা আলাউদ্দীন মোহাম্মদ আত্তার বোখারী (রহ.) -এর নিকট থেকে আধ্যাত্মিক সাধনা করার পর খেলাফত লাভে ধন্য হন। মীর সাহেব বলেন, আমি আল্লাহ পর্যন্ত যতটুকু পৌঁছা দরকার ততটুকু ততক্ষণ পর্যন্ত পৌঁছতে পারিনি, যতক্ষণ না আমি খাজা আত্তার (রহ.) -এর খেদমতে উপস্থিত হই।

কর্মজীবন ঃ মীর সাইয়েদ শরীফ (রহ.) জাহেরী ও বাতেনী ইলমের ধারক -বাহক হিসেবে সারাটি জীবন নিজেকে ইলমে দ্বীনের খেদমতে নিয়োজিত রাখেন। কিছুদিন রোমে অবস্থানের পর তিনি পারস্যের সিরাজ নগরে চলে আসেন। সেখানে বিশ বছর যাবত ইলমে দ্বীন প্রচার-প্রসারের দায়িত্ব পালন করেন। তাঁর গভীর পাণ্ডিত্য ও আধ্যাত্মিক সাধনার খ্যাতি চারিদিকে ছড়িয়ে পড়লে পারস্যের তৎকালীন শাসক শাহ শুজা তাঁকে শাহী দরবারে আমন্ত্রণ জানিয়ে বিশাল সংবর্ধনা ও সম্মান জ্ঞাপন করেন। বাদশাহ তৈমূর লং -এর অধীনে সমরকন্দ যখন ইবনে বতুতার ভাষায় "পৃথিবীর সর্ব বৃহৎ সুন্দর ও মনোরম নগরী" তে পরিণত হয়, তখন মীর সাইয়েদ শরীফ (রহ.) সমরকন্দে এসে ইলমে দ্বীনের খেদমতে নিয়োজিত হন।

ইন্তেকাল ঃ ১৪০৪ খৃষ্টাব্দে তৈমূর লং যখন মারা যান, তখন তিনি সমরকন্দ ত্যাগ করে সিরাজ নগরীতে ফিরে আসেন। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তিনি সেখানে ইলমে দ্বীনের খেদমতে নিয়োজিত থাকেন এবং ৬ই রবিউল আওয়াল, ৮১৬ হিজরী সনে ইন্তেকাল করেন।

রচনাবলী ঃ আল্লামা সাইয়েদ শরীফ (রহ.) অসংখ্য অমূল্য গ্রন্থ রচনা করেন। যেমন ঃ ছুগরা কুবরা, তরজমাতুল কোরআনিল কারীম,(ফারসী ভাষায়), হাশিয়ায়ে বায়যাবী, হাশিয়ায়ে মিশকাত শরীফ, হাশিয়ায়ে হিদায়া, হাশিয়ায়ে শরহে মাতালে', ছরফে মীর, তা'রীফুল আশয়া, মীর কুতবী, নাহবেমীর ইত্যাদি।

www.islamijindegi.com

সূচীপত্র

বিষয় পৃষ্ঠা

ভূমিকা ঃ ১৩

প্রথম পাঠ ঃ শব্দের পরিচয় ও প্রকারভেদ

- ❑ مفرد কাকে বলে? كلمة কত প্রকার ও কি কি? ১৪
- ❑ مركب কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? ১৪

দ্বিতীয় পাঠ ঃ مركب مفيد এর পরিচয় ও প্রকারভেদ

- ❑ جملة কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? ১৫
- ❑ جملة خبرية ও جمله انشائيه কাকে বলে? এগুলো কত প্রকার? ১৫

তৃতীয় পাঠ ঃ مركب غير مفيد এর পরিচয় ও প্রকারভেদ

- ❑ مركب اضافى কাকে বলে এবং উহার হুকুম কি? ১৯
- ❑ مركب منع صرف ও مركب بنائى কাকে বলে এবং উহার হুকুম কি? ... ২০
- ❑ مركب صوتى ও مركب توصيفى কাকে বলে? ২১

চতুর্থ পাঠ ঃ বাক্য গঠন প্রণালী

- ❑ বাক্য গঠন করতে হলে কয়টি কালিমার প্রয়োজন? ২২
- ❑ বাক্যের মধ্যে শব্দ বেশি হলে কয়টি কাজ করতে হয়? ২২

পঞ্চম পাঠ ঃ ইস্‌ম, ফে'ল ও হরফের আলামতসমূহ

- ❑ اسم - فعل ও حرف কাকে বলে? ২৩-২৫
- ❑ اسم - فعل ও حرف এর আলামত কয়টি ও কি কি? ২৩-২৫

ষষ্ঠ পাঠ ঃ মু'রাব ও মাবনী -এর পরিচয়

- ❑ মু'রাব ও মাবনী কাকে বলে? ২৬
- ❑ اعراب - حالت ও عامل কাকে বলে ? উহা কত প্রকার ও কি কি?. . ২৬-২৭

সপ্তম পাঠ ঃ মুরাব ও মাবনীর প্রকারভেদ

- ❑ মাবনী কত প্রকার? মাবনীয়ে আসল কয়টি ও কি কি?..... ২৮
- ❑ মু'রাব কত প্রকার ও কি কি? اسم متمكن কাকে বলে?..... ২৮

অষ্টম পাঠ ঃ اسم غير متمكن এর প্রকারভেদ

- ❑ اسم غير متمكن কাকে বলে এবং উহা কত প্রকার ও কি কি? ২৯
- ❑ যমীর কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? ২৯

www.islamijindegi.com

❑ اسمائے اشارة ও مشار اليه কাকে বলে? ৩৩
❑ اسمائے اشاره ও اسمائے موصولة কয়টি ও কি কি? ৩৩-৩৪
❑ اسمائے موصولة , صلة ও عائد কাকে বলে? ৩৪
❑ أى ও أية কোন অবস্থায় মু'রাব ও কোন অবস্থায় মাবনী? ৩৫
❑ اسمائے افعال ও اسمائے ظروف কাকে বলে? উহা কত প্রকার?.. ৩৫-৩৬
❑ اسمائے اصوات কাকে বলে? ৩৬
❑ قبل ও بعد কোন অবস্থায় মু'রাব এবং কোন অবস্থায় মাবনী? ৩৬
❑ اسمائے كنايات কাকে বলে এবং উহা কত প্রকার ও কি কি? ৩৭

নবম পাঠ ঃ বিভিন্ন দৃষ্টিকোণ থেকে ইসম -এর প্রকারভেদ

❑ معرفة , نكرة কাকে বলে? معرفه কত প্রকার ও কি কি? ৩৮
❑ مذكر ও مؤنث কাকে বলে? مؤنث কত প্রকার ও কি কি? ৩৯
❑ واحد - مثنى - مجموع কাকে বলে? ৪০
❑ جمع تكسير ও جمع تصحيح কাকে বলে? ৪১
❑ جمع مذكر سالم ও جمع مؤنث سالم কাকে বলে? ৪২
❑ جمع قلت ও جمع كثرت কাকে বলে? এগুলোর وزن কয়টি?.. ৪২-৪৩

দশম পাঠ ঃ اسم متمكن এর اعراب এর বর্ণনা

❑ صحيح منصرف مفرد . صحيح مجرائے جارى -এর اعراب কি? .. ৪৪
❑ এখানে مفرد দ্বারা কি বুঝানো হয়ে থাকে? ৪৪
❑ جمع مكسر منصرف ও جمع مؤنث سالم -এর اعراب কি? ...৪৪-৪৫
❑ غير منصرف -এর اعراب কি? ৪৬
❑ اسمائے ستہ مكبره কি কি এবং এগুলোর اعراب কি? ৪৬-৪৭
❑ اسمائے ستة مصغره -এর اعراب কি? ৪৭
❑ مثنى - كلا و كلتا এবং اثنان و اثنتان -এর اعراب কি? ৪৮
❑ جمع مذكر سالم - اولو এবং عشرون -এর اعراب কি? ৪৮
❑ اسم مقصور কাকে বলে? ৪৮
❑ اسم مقصور ও .... غير جمع مذكر سالم -এর اعراب কি? ৪৯
❑ اسم منقوص কাকে বলে এবং উহার اعراب কি? ৪৯
❑ جمع مذكر سالم مضاف بيائے متكلم -এর اعراب কি? ৫০

www.islamijindegi.com

একাদশ পাঠ ঃ فعل مضارع এর اعراب-এর বর্ণনা

- ❑ فعل مضارع -এর اعراب কয়টি ও কি কি? ৫১
- ❑ فعل معرب ও فعل مبني কোনটি কত প্রকার ও কি কি? ৫১
- ❑ اعراب হিসেবে فعل مضارع কত প্রকার ও কি কি? ৫২

দ্বাদশ পাঠ ঃ عوامل -এর বর্ণনা

- ❑ عامل কত প্রকার ও কি কি? ৫৫
- ❑ عامل لفظى কত প্রকার ও কি কি? ৫৫

প্রথম অধ্যায় ঃ আমলকারী হরফসমূহের বর্ণনা

প্রথম পরিচ্ছেদ ঃ ইসম -এর মাঝে আমলকারী হরফসমূহের বর্ণনা

- ❑ حروف عامله কয় প্রকার ও কি কি? ৫৫
- ❑ حروف عامله في الاسم কয় প্রকার ও কি কি? ৫৬
- ❑ حروف جار কয়টি ও কি কি? এগুলো কি আমল করে? ৫৬
- ❑ حروف مشبه بالفعل কয়টি ও কি কি? এগুলো কি আমল করে? .. ৫৭
- ❑ تمنى ও ترجى -এর মাঝে পার্থক্য কি? ৫৭
- ❑ ما ولا المشبهتان بليس ও لائے نفي جنس কি আমল করে?..৫৮-৫৯
- ❑ لا حول ولا قوة الا با لله পাঁচ ছুরতে কেন পড়া হয়? ৫৯
- ❑ لا المشبه بليس ও لائے نفي جنس -এর মাঝে পার্থক্য কি কি?.... ৬০
- ❑ حروف نداء কয়টি ও কি কি? حروف نداء কি আমল করে? ৬১
- ❑ مشابه بالمضاف কাকে বলে? ৬২

দ্বিতীয় পরিচ্ছেদ ঃ ফে'ল-এর মধ্যে আমলকারী হরফসমূহের বর্ণনা

- ❑ فعل مضارع কে নছব দানকারী হরফ কয়টি ও কি কি? ৬২
- ❑ কয়টি হরফের পর ان উহ্য থেকে فعل مضارع কে নছব দান করে? .. ৬৩
- ❑ لام كي ও لام جحد এর মাঝে পার্থক্য কি? ৬৩
- ❑ فعل مضارع এর শেষে জযম প্রদানকারী হরফ কয়টি ও কি কি? ৬৫
- ❑ কখন جزاء এর পূর্বে فاء আনা ওয়াজিব? ৬৬
- ❑ لم ও لما -এর মাঝে পার্থক্য কি? ৬৭

www.islamijindegi.com

দ্বিতীয় অধ্যায় আমলকারী ফে'লসমূহের বর্ণনা

- ❑ فعل لازم ও فعل متعدي কাকে বলে? ৬৭
- ❑ فعل معروف কি আমল করে? ৬৭

প্রথম পরিচ্ছেদ ঃ ফায়েল ও মাফউল -এর বর্ণনা

- ❑ فاعل কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? ৬৮-৬৯
- ❑ مفعول مطلق ও مفعول فيه কাকে বলে? مفعول فيه কত প্রকার?... ৬৯
- ❑ مفعول له ও مفعول معه কাকে বলে? ৬৯-৭০
- ❑ مفعول به ও تمييز - حال কাকে বলে? ৭০-৭১

দ্বিতীয় পরিচ্ছেদ ঃ ফায়েলের প্রকারভেদ ও তার হুকুম

- ❑ فاعل কত প্রকার ও কি কি? ৭২
- ❑ কখন فعل কে مؤنث ব্যবহার করা ওয়াজিব? ৭২
- ❑ কখন ফে'লকে مذكر বা مؤنث উভয়ভাবে ব্যবহার করা যায়? ৭২

তৃতীয় পরিচ্ছেদ ঃ ফে'লে মুতাআদ্দী-এর প্রকারভেদ

- ❑ فعل متعدى কত প্রকার ও কি কি? ৭৪
- ❑ কোন مفعول কে فاعل এর স্থানে রাখা জায়েয? ৭৫

চতুর্থ পরিচ্ছেদ ঃ আফআলে নাকেছা-এর বর্ণনা

- ❑ افعال ناقصة কয়টি ও কি কি? এগুলো কি আমল করে? ৭৬
- ❑ افعال ناقصة কি কখনো تام হয়? ৭৬

পঞ্চম পরিচ্ছেদ ঃ আফয়ালে মুকারাবার বর্ণনা

- ❑ افعال مقاربة কাকে বলে? উহা কয়টি ও কি কি? ৭৭
- ❑ افعال مقاربة কি আমল করে? ৭৭

ষষ্ঠ পরিচ্ছেদ ঃ আফআলে মাদ্হ ওয়া যম-এর বর্ণনা

- ❑ افعال مدح و ذم কাকে বলে? উহা কয়টি ও কি কি? ৭৮
- ❑ افعال مدح و ذم এর فاعل কয়টি অবস্থা ও কি কি?..... ৭৮
- ❑ حبذا এর فاعل এর ব্যবহার পদ্ধতি কি? ৭৯
- ❑ افعال مدح و ذم কি আমল করে?..... ৭৯

সপ্তম পরিচ্ছেদ ঃ আফআলে তাআজ্জুব-এর বর্ণনা

- ❑ فعل تعجب কাকে বলে? ৮০
- ❑ افعال تعجب এর ওযন কয়টি ও কি কি? ৮০

www.islamijindegi.com

তৃতীয় অধ্যায় ঃ আমলকারী ইসমসমূহের বর্ণনা

- ❑ مرفوع ও منصوب কাকে বলে এবং উহা কত প্রকার ও কি কি? ৮২
- ❑ مجرور কাকে বলে এবং উহা কত প্রকার ও কি কি? ৮২
- ❑ رفع - نصب ও جر কয়টি জিনিস দ্বারা হয় এবং কি কি? ৮৩
- ❑ اسمائے شرطية بمعنى ان কয়টি এবং উহা কি আমল করে? ৮৪
- ❑ اسم فعل কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? ৮৫
- ❑ أسمائے افعال بمعنى ماضي কি আমল করে? ৮৫
- ❑ اسمائے افعال بمعنى امر حاضر কি আমল করে? ৮৫
- ❑ اسم فاعل কাকে বলে এবং উহা কি আমল করে? ৮৬
- ❑ اسم مفعول কাকে বলে এবং উহা কি আমল করে? ৮৭
- ❑ اسم مفعول এর মোট কতটি উদাহরণ হয় এবং কিভাবে হয়? ৮৮
- ❑ صفت مشبه কাকে বলে এবং কি আমল করে? ৮৯
- ❑ اسم فاعل ও صفت مشبه -এর মাঝে পার্থক্য কি? ৮৯
- ❑ صفت مشبه কোন ধরনের فعل থেকে গঠিত হয়, তার ওযন কি? ৮৯
- ❑ اسم تفضيل কাকে বলে এবং উহা কি আমল করে? ৯০
- ❑ اسم تفضيل -এর ব্যবহার পদ্ধতি কয়টি ও কি কি ? ৯০
- ❑ مصدر কি শর্তে কি আমল করে এবং কখন আমল করে ? ৯০
- ❑ مضاف কি আমল করে?..... ৯১
- ❑ مضاف اليه ও مضاف এর মধ্যে কয়টি হরফের অর্থ পাওয়া যায়? ৯১
- ❑ اسم تام কাকে বলে এবং উহা কি আমল করে? ৯১
- ❑ اسم কয়টি জিনিস দ্বারা পূর্ণাঙ্গ বা تام হয়? ৯২
- ❑ اسمائے كنايات কয়টি ও কি কি? ৯২
- ❑ كم خبريه ও كم استفهاميه কাকে বলে? ৯২
- ❑ كم خبريه -كم استفهاميه ও كذا কি আমল করে? ৯৩

عامل معنوى এর বর্ণনা

- ❑ عامل معنوي কয়টি ও কি কি? ৯৩
- ❑ مبتدأ ও خبر এর মাঝে কয়টি বিষয়ে مطابقت (সমতা) জরুরী? ৯৪

পরিশিষ্ট

প্রথম পরিচ্ছেদ ঃ توابع বা অনুগামী পদের বর্ণনা

- ❑ تابع কাকে বলে এবং উহা কত প্রকার ও কি কি? تابع এর হুকুম কি?..৯৫
- ❑ صفت কাকে বলে এবং উহা কত প্রকার ও কি কি? ৯৬

www.islamijindegi.com

❑ صفت بحال متعلق موصوف ও صفت بحال موصوف কাকে বলে? ৯৬
❑ موصوف ও صفت এর মাঝে কয়টি বিষয়ে সমতা থাকা জরুরী? ৯৬-৯৭
❑ تاكيد কাকে বলে এবং উহা কত প্রকার ও কি কি? ৯৭-৯৮
❑ بدل কাকে বলে এবং উহা কয় প্রকার ও কি কি? ৯৯
❑ عطف بحرف কাকে বলে? উহা কয়টি ও কি কি? ১০০
❑ معطوف عليه - معطوف এবং حرف عطف কাকে বলে? ১০০
❑ عطف بيان কাকে বলে? ১০০
❑ নাম কত প্রকার হতে পারে এবং কি কি? ১০০

দ্বিতীয় পরিচ্ছেদ ঃ غير منصرف ও منصرف এর বর্ণনা

❑ غير منصرف ও منصرف কাকে বলে? ১০১
❑ اسباب منع صرف কয়টি ও কি কি? غير منصرف এর হুকুম কি? ১০১-২

তৃতীয় পরিচ্ছেদ ঃ حروف غير عامله এর বর্ণনা

❑ حروف غير عامله কত প্রকার ও কি কি? ১০২

مستثنى এর আলোচনা

❑ مستثنى কাকে বলে? ১০৫
❑ الا এর সমার্থবোধক শব্দ কয়টি ও কি কি? ১০৫
❑ مستثنى কত প্রকার ও কি কি? ১০৫
❑ كلام موجب ও مستثنى منقطع - مستثنى متصل কাকে বলে? ১০৫-৬

اعراب مستثنى -এর

❑ مستثنى কখন মানছুব হয়? ১০৬
❑ مستثنى কে কখন দু'ভাবে পড়া যায়? ১০৭
❑ مستثنى কে কখন আমেল অনুযায়ী পড়তে হবে? ১০৭
❑ مستثنى কে কখন মাজরুর পড়তে হবে? ১০৮
❑ غير এর اعراب কি হবে? ১০৮
❑ غير ও الا এর মৌলিক ও ব্যবহারিক অর্থ বুঝিয়ে বল ১০৮
খুলাছাহ ও জুমাল-এর তরজমা ১০৯-১১৬
মি'আতে আমেল (১০০আমেল)-এর সংক্ষিপ্ত বিবরণ..... ১১৭
এক নজরে একশত আমেল ১২১
জুমাল-এর তারকীব ১২২
নাহবেমীরে উল্লেখিত উদাহরণসমূহের ধারাবাহিক তারকীব ১৩১

সমাপ্ত

www.islamijindegi.com

ভূমিকা

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ - وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ - وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى خَيْرِ خَلْقِهٖ مُحَمَّدٍ وَّاٰلِهٖ وَاَصْحَابِهٖ اَجْمَعِيْنَ، اَمَّا بَعْدُ

সমস্ত প্রশংসা আল্লাহ তা'আলার জন্য, যিনি সমগ্র বিশ্বের প্রতিপালক। আর পরকালের শুভ পরিণাম পরহেযগারদের জন্য। দরূদ ও শান্তি বর্ষিত হোক সৃষ্টির শ্রেষ্ঠ জীব হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবার-পরিজন এবং সমস্ত সাহাবায়ে কেরামের উপর।

হামদ ও সালাতের পর, তুমি জেনে রেখ, (আল্লাহ তোমাকে সঠিক পথ প্রদর্শন করুন) এটি ইলমে নাহব সম্পর্কে লিখিত একটি সংক্ষিপ্ত কিতাব। আরবী শব্দ ভাণ্ডার মুখস্ত করার পর, শব্দের রূপান্তর সম্পর্কিত জ্ঞান অর্জন এবং ইলমুছ ছরফের গুরুত্বপূর্ণ রূপান্তরসমূহ আয়ত্বে আনার পর এ কিতাবটি (যথাযথভাবে অধ্যয়ন করলে) আরবী ভাষা শিক্ষার্থীকে অতি সহজেই আরবী তারকীব বা বাক্য গঠন পদ্ধতির দিকে পথ দেখাবে এবং অতি দ্রুত মু'রাব, মবনীর পরিচয় লাভে ও আরবী ইবারত পড়ায় (আল্লাহ তা'আলার তৌফিকে) যোগ্যতা ও শক্তি সঞ্চার করবে।

www.islamijindegi.com

প্রথম পাঠ
শব্দের পরিচয় ও প্রকারভেদ

প্রশ্ন ঃ ইলমে নাহু কাকে বলে? ইলমে নাহু -এর উদ্দেশ্য ও আলোচ্য বিষয় কি?

উত্তর ঃ বিভিন্ন শব্দকে যুক্ত ও বিন্যস্ত করার নিয়মাবলীকে ইলমে নাহু বলে, নির্ভূল বাক্য গঠন ইলমে নাহু -এর উদ্দেশ্য। বাক্য ও বাক্যে ব্যবহৃত শব্দের শেষাবস্থা ইলমে নাহু -এর আলোচ্য বিষয়।

প্রশ্ন ঃ আরবী ভাষায় ব্যবহৃত (অর্থবোধক) শব্দ কত প্রকার ও কি কি?

উত্তর ঃ দুই প্রকার (১) مفرد (একক শব্দ) (২) مركب (যৌগিক শব্দ)

প্রশ্ন ঃ مفرد কাকে বলে?

উত্তর ঃ অর্থবোধক একক শব্দকে مفرد বলে। مفرد এর অপর নাম كلمه

প্রশ্ন ঃ كلمة কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ كلمه তিন প্রকার।

(১) اسم (বিশেষ্য) যেমন ঃ رَجُلٌ (একজন পুরুষ)।

(২) فعل (ক্রিয়া) যেমন ঃ ضَرَبَ (সে একজন পুরুষ মারল)।

(৩) حرف (অব্যয়) যেমন ঃ هَلْ (কি?)

প্রশ্ন مركب কাকে বলে? উহা কত প্রকার ও কি কি?

উত্তর ঃ দুই বা ততোধিক শব্দের সমষ্টিকে مركب বলে। مركب দুই প্রকার

(১) مركب مفيد (পূর্ণ অর্থবোধক শব্দসমষ্টি বা বাক্য)

(২) مركب غير مفيد (অপূর্ণ অর্থবোধক শব্দসমষ্টি বা বাক্যাংশ)

অনুশীলনী

১। مركب শব্দের পাশে ✔ চিহ্ন দাও।

قَلَمُهُ - هٰذَا الْكِتَابُ - رَمَضَانُ - اَنَا تِلْمِيْذٌ -

২। দুটি مفرد কে যোগ করে مركب তৈরী কর।

رب + نا - كتاب + جديد - معلم + نا - كتاب + الله - نبي + نا

www.islamijindegi.com

দ্বিতীয় পাঠ
مركب مفيد এর পরিচয় ও প্রকারভেদ

প্রশ্ন ঃ مركب مفيد কাকে বলে? مركب مفيد কত প্রকার ও কি কি?

উত্তর ঃ مركب مفيد (পূর্ণবাক্য) ঐ مركب (শব্দ সমষ্টি) কে বলে. যার বক্তা তার বক্তব্য বলে চুপ করলে শ্রোতা তা থেকে কোন খবর বা তলব (চাহিদা) বুঝতে পারে।

মুরাক্কাবে মুফীদ-এর অপর নাম জুমলা ও কালাম।

جمله দুই প্রকার

(১) جمله خبريه (সংবাদমূলক বাক্য)

(২) جمله انشائيه (রচনামূলক বাক্য)

প্রশ্ন ঃ جمله خبريه কাকে বলে ? উহা কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ ঐ جمله خبريه مركب مفيد কে বলে যার বক্তা (বা বক্তব্য) কে সত্য ও মিথ্যার গুণে গুণান্বিত করা যায়।

جمله خبريه দুই প্রকার।

(১) جمله اسميه (নামবাচক বাক্য)

(২) جمله فعليه (ক্রিয়াবাচক বাক্য)

প্রশ্ন ঃ جمله اسميه কাকে বলে ? جمله اسميه -এর প্রথম অংশকে কি বলে এবং দ্বিতীয় অংশকে কি বলে ?

উত্তর ঃ جمله خبريه এর প্রথম অংশ اسم হলে তাকে جمله اسميه বলে। যেমন– زَيْدٌ عَالِمٌ (যায়েদ জ্ঞানী)

جمله اسميه এর প্রথম অংশটি مسند اليه , যাকে مبتدا (উদ্দেশ্য) বলে এবং দ্বিতীয় অংশটি مسند , যাকে خبر (বিধেয়) বলে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৭ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ جمله فعليه কাকে বলে ? جمله فعليه-এর প্রথম অংশকে কি বলে এবং দ্বিতীয় অংশকে কি বলে ?

উত্তর ঃ جمله خبريه এর প্রথম অংশ فعل হলে তাকে جمله فعليه বলে। যেমন ঃ ضَرَبَ زَيْدٌ (যায়েদ প্রহার করেছে)

جمله فعليه এর প্রথম অংশটি مسند যাকে ফেল বলে এবং দ্বিতীয় অংশটি مسند اليه (উদ্দেশ্য) যাকে ফায়েল বলে।

প্রশ্ন ঃ مسند اليه ও مسند কাকে বলে ?

উত্তর ঃ مسند হুকুমকে বলে। যার উপর হুকুম লাগানো হয় তাকে مسند اليه বলে। অর্থাৎ বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয় তাকে مسند اليه (উদ্দেশ্য) বলে। আর مسند اليه সম্পর্কে যা কিছু বলা হয় তাকে مسند (বিধেয়) বলে। আর উভয়ের মধ্যে যে সম্পর্ক স্থাপিত হয় তাকে اسناد বা نسبت تامه বলে।

প্রশ্ন ঃ اسم কি مسند اليه ও مسند উভয়টি হতে পারে ?

উত্তর ঃ اسم মুসনাদ এবং মুসনাদ ইলাইহি উভয়টিই হতে পারে।

প্রশ্ন ঃ فعل কি مسند اليه হতে পারে?

উত্তর ঃ فعل মুসনাদ হতে পারে, মুসনাদ ইলাইহি হতে পারে না।

প্রশ্ন ঃ حرف কি مسند اليه ও مسند হতে পারে ?

উত্তর ঃ حرف মুসনাদ কিংবা মুসনাদ ইলাইহি কোনটিই হতে পারে না।

অনুশীলনী

১। جمله -এর প্রকার এবং مسند اليه ও مسند নির্ণয় কর।

كَتَبْتُ - اَنَا مَرِيْضٌ - اَلْغُرْفَةُ وَاسِعَةٌ - مَاتَ رَجُلٌ .

ذَهَبَ مَاجِدٌ - اَلْكَعْبَةُ بَيْتُ اللّٰهِ - اَلْمَسْجِدُ جَمِيْلٌ .

اَلزَّهْرَةُ جَمِيْلَةٌ - رَاشِدٌ تِلْمِيْذٌ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৭ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ جمله انشائيه কাকে বলে?

উত্তর ঃ জুমলায়ে ইনশাইয়্যাহ্ ঐ مركب مفيد কে বলে যার বক্তা (বা বক্তব্য) কে সত্য ও মিথ্যার গুণে গুণান্বিত করা যায় না।

প্রশ্ন ঃ جمله انشائيه কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ جمله انشائيه বেশ কয়েক প্রকার। (মূল কিতাবে দশ প্রকার উল্লেখ আছে)

(১) امر (নির্দেশসূচক বাক্য) যেমন ঃ اِضْرِبْ (তুমি প্রহার করো)

(২) نهى (নিষেধসূচক বাক্য) যেমনঃ لَا تَضْرِبْ (তুমি প্রহার করো না)

(৩) استفهام (প্রশ্নবোধক বাক্য) যেমন ঃ هَلْ ضَرَبَ زَيْدٌ

(যায়েদ কি প্রহার করেছে ?)

(৪) تمنى (আকাঙ্খাবোধক বাক্য) যেমন ঃ لَيْتَ زَيْدًا حَاضِرٌ

(আহা! যায়েদ যদি উপস্থিত হতো!)

(৫) ترجى (আশাব্যঞ্জক বাক্য) যেমন ঃ لَعَلَّ عَمْرًا غَائِبٌ

(আশা করা যায় যে আমর অনুপস্থিত থাকবে)

(৬) عقود (চুক্তিমূলক বাক্য) যেমন ঃ بِعْتُ ، وَاشْتَرَيْتُ

(আমি বিক্রি করলাম, আমি কিনলাম।)

(৭) ندا (আহবানসূচক বাক্য) যেমন ঃ يَا اَللّٰهُ (হে আল্লাহ)

(৮) عرض (অনুযোগমূলক বাক্য) যেমন ঃ

اَلَا تَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا

(তুমি আমাদের নিকট আসনা কেন, তাহলে তোমার ভাল হত)

(৯) قسم (শপথমূলক বাক্য) যেমন ঃ وَاللّٰهِ لَاَضْرِبَنَّ زَيْدًا

(খোদার কসম! আমি যায়েদকে মারব)

(১০) تعجب (আশ্চর্যবোধক বাক্য) যেমন ঃ

مَا اَحْسَنَهُ (সে কত সুন্দর) اَحْسِنْ بِهِ (সে কি চমৎকার)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৭ ও ১২৮ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ মূল কিতাবে উল্লেখ করা হয়নি এমন কয়েকটি জুমলায়ে ইনশাইয়্যাহ উদাহরণসহ উল্লেখ কর।

উত্তর ঃ কিতাবে উল্লেখ করা হয়নি এমন কয়েকটি جمله انشائيه নিম্নরূপ ঃ

(ক) دعا (মঙ্গল বা অমঙ্গল কামনা) যেমন ঃ جَزَاكَ اللّٰهُ خَيْرًا

(আল্লাহ তা'য়ালা আপনাকে উত্তম পুরস্কার দান করুন)

(খ) مدح (প্রশংসাসূচক বাক্য) যেমন ঃ نِعْمَ الرَّجُلُ زَيْدٌ

(যায়েদ বড় ভাল লোক)

(গ) ذم (নিন্দা জ্ঞাপক বাক্য) যেমন ঃ بِئْسَ الرَّجُلُ زَيْدٌ

(যায়েদ বড়ই খারাপ লোক)

অনুশীলনী

১। নিম্নলিখিত جمله সমূহের মধ্যে কোনটি جمله خبريه এবং কোনটি جمله انشائيه নির্দিষ্ট কর।

اِضْرِبْ زَيْدًا - لَاتَقُمْ عَلٰى سَقْفٍ - اَلصَّوْمُ جُنَّةٌ .

اَلصَّلٰوةُ قَائِمَةٌ - اَلْوَلَدُ مَرِيْضٌ - مَاتَ خَالِدٌ .

২। নিম্নলিখিত বাক্যসমূহে جمله انشائية -এর প্রকার চিহ্নিত কর ঃ

لَيْتَ زَيْدًا عَالِمٌ - هَلْ بَكْرٌ ضَرَبَ عَمْرًوا - اِذْهَبْ بِكِتَابِىْ .

وَاللّٰهِ لَاَذْهَبَنَّ - لَعَلَّ اللّٰهَ يُوَفِّقُنَا صَلَاحًا - لَاتَقُلْ لَهُمَا اُفٍّ

وَلَا تَنْهَرْهُمَا - اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ؟ يَا زَيْدُ - مَااَحْسَنَ زَيْدًا .

www.islamijindegi.com

তৃতীয় পাঠ

مركب غير مفيد এর পরিচয় ও প্রকারভেদ

প্রশ্ন ঃ مركب غير مفيد কাকে বলে?

উত্তর ঃ مركب غير مفيد ঐ مركب কে বলে যার বক্তা তার বক্তব্য বলে শেষ করলে শ্রোতা তা থেকে কোন খবর বা তলব (চাহিদা) বুঝতে পারে না।

প্রশ্ন ঃ مركب غير مفيد কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ مركب غير مفيد তিন প্রকার ঃ

(১) مركب اضافى (সম্বন্ধ পদ) যেমন - غُلَامُ زَيْدٍ

(২) مركب بنائى (সংযুক্ত অপরিবর্তনশীল পদ) যেমন - اَحَدَ عَشَرَ

(৩) مركب منع صرف (সংযুক্ত রূপান্তরহীন পদ) যেমন - بَعْلَبَكُّ

প্রশ্ন ঃ مركب اضافى কাকে বলে ? এবং مركب اضافى -এর প্রথম ও দ্বিতীয় অংশকে কি বলে? এবং مضاف اليه -এর عراب কি হয়?

উত্তর ঃ مركب اضافى সম্বন্ধ পদকে বলে। মুরাক্কাবে এযাফী এর প্রথম অংশকে مضاف এবং দ্বিতীয় অংশকে مضاف اليه বলে। مضاف اليه সর্বদা مجرور (যের বিশিষ্ট) হয়। যেমন ঃ غُلَامُ زَيْدٍ (যায়েদের গোলাম) এখানে غُلَامُ শব্দটি مضاف এবং زَيْدٍ শব্দটি مضاف اليه

প্রশ্ন ঃ مضاف-اضافت ও مضاف اليه কাকে বলে?

উত্তর ঃ একটি এসেমকে অন্য একটি এসেমের সাথে সম্বন্ধ করাকে اضافت বলে। যে এসেমকে اضافت করা হয়ে তাকে مضاف বলে। যার সাথে সম্বন্ধ করা হয় তাকে مضاف اليه বলে।

প্রশ্ন ঃ مضاف ও مضاف اليه -এর হুকুম কি?

উত্তর ঃ (ক) مضاف-এর শুরুতে لام-ال আসবে না।

www.islamijindegi.com

(খ) مضاف -এর শেষে تنوين আসবে না।

(গ) اضافت -এর সময় جمع مذكر سالم ও تثنيه- এর نون থাকবে না।

(ঘ) مضاف ও مضاف اليه মিলে পূর্ণ বাক্য হয় না।

(ঙ) مضاف اليه সর্বদা জের বিশিষ্ট হয়।

প্রশ্ন ঃ مركب بنائى কাকে বলে ?

উত্তর ঃ مركب بنائى ঐ مركب غير مفيد কে বলে যাতে দুটি ইস্মকে এক করা হয় এবং দ্বিতীয় ইস্মটির পূর্বে একটি হরফ লুকায়িত থাকে, যেমন ঃ اَحَدَ عَشَرَ (এগার) থেকে تِسْعَةَ عَشَرَ (উনিশ) পর্যন্ত সংখ্যাবাচক শব্দগুলি।

প্রশ্ন ঃ اَحَدَ عَشَرَ ও تِسْعَةَ عَشَرَ শব্দ দুটি মূলতঃ কি ছিল?

উত্তর ঃ এগুলো মূলতঃ اَحَدٌ وَّعَشَرٌ এবং تِسْعَةٌ وَّ عَشَرٌ ছিল। واو কে حذف (বিলুপ্ত) করে দুইটি اسم কে এক করা হয়েছে।

প্রশ্ন ঃ এ শব্দগুলির عراب। কি হবে?

উত্তর ঃ اَحَدَ عَشَرَ থেকে تِسْعَةَ عَشَرَ পর্যন্ত সংখ্যগুলি مبنى على الفتح (সর্বাবস্থায় যবর বিদ্যমান) থাকবে তবে اِثْنَا عَشَرَ এর ব্যতিক্রম। কারণ এর প্রথমাংশ معرب (পরিবর্তনশীল)

প্রশ্ন ঃ مركب منع صرف কাকে বলে ?

উত্তর ঃ مركب منع صرف ঐ مركب غير مفيد কে বলে যাতে দুটি اسم কে এক করা হয়, কিন্তু দ্বিতীয় اسم এর পূর্বে কোন حرف লুকায়িত থাকে না। যেমনঃ بَعْلَبَكُّ (একটি শহরের নাম)

অধিকাংশ আলেমদের মতে مركب منع صرف এর প্রথমাংশ مبنى على الفتح (সর্বাবস্থায় যবর বিদ্যমান) এবং দ্বিতীয়াংশ معرب (পরিবর্তনশীল)।

www.islamijindegi.com

প্রশ্ন ঃ শহরের নাম بَعَلَبَكٌّ ও حَضَرَ مَوْتٌ রাখা হলো কেন?

উত্তর ঃ بَعَلَبَكٌّ এটি দুটি শব্দের সমন্বয়ে গঠিত। بَعْلٌ একটি মুর্তির নাম بَكٌّ এক বাদশাহ্র নাম। সে বাদশাহ্ ঐ মূর্তির পূজা করত। পরবর্তীতে তার ও তার মুর্তির নাম চির স্মরণীয় করে রাখার জন্য সে তার শহরের নামকরণ করেছে بَعَلَبَكٌّ - حَضَرَ مَوْتٌ এটিও দুটি শব্দের সমন্বয়ে গঠিত। حَضَرَ অর্থ উপস্থিত হয়েছে مَوْتٌ অর্থ মৃত্যু। অর্থাৎ জনৈক ব্যক্তি পথিমধ্যে আকস্মিকভাবে মারা যাওয়ার কারণে সে স্থানটি حَضَرَ مَوْتٌ নামে প্রসিদ্ধ হয়ে যায়।

প্রশ্ন ঃ مركب غير مفيد -এর উপরোল্লেখিত প্রকার ছাড়াও আরও কোন প্রকার আছে কি ?

উত্তর ঃ مركب غير مفيد এর আরো কয়েকটি প্রকার পাওয়া যায়।

(১) مركب توصيفى যা موصوف এবং তার صفت দ্বারা ঘঠিত হয়।) যেমন ঃ رَجُلٌ عَالِمٌ (যার গুণ বর্ণনা করা হয় তাকে موصوف এবং গুণটিকে صفت বলা হয়।)

(২) مركب صوتى (যা একটি ইসম এবং একটি আওয়াজ দ্বারা গঠিত হয়।) যেমন ঃ سِيْبَوَيْهِ (এখানে سِيْبَ একটি اسم এবং وَيْهِ (একটি আওয়াজ)

অনুশীলনী

১। নিম্নলিখিত বাক্যগুলির মধ্যে مركب غير مفيد চিহ্নিত কর ঃ

جَلِيْسُ السُّوْءِ شَيْطَانٌ - رَسُوْلُ اللّٰهِ - رَبَّنَا - حَجُّ الْبَيْتِ - كِتَابٌ جَدِيْدٌ - عَذَابُ الْقَبْرِ حَقٌّ . عِنْدِىْ ثَمَانِيَةَ عَشَرَ دِرْهَمًا - قَرَأَ غُلَامُ الرَّجُلِ - إِسْلَامْ آبَادْ بَلَدٌ قَدِيْمٌ - حَضَرَ مَوْتُ بَلَدٌ مَغْضُوْبٌ .

২। আল কুরআনুল কারীম থেকে مركب مفيد ও مركب غير مفيد -এর তিনটি করে উদাহরণ দাও।

www.islamijindegi.com

চতুর্থ পাঠ
বাক্য গঠন প্রণালী

প্রশ্ন ঃ مركب غير مفيد কি পূর্ণ বাক্য হতে পারে?

উত্তর ঃ مركب غير مفيد সর্বদা বাক্যের অংশ হয়। (কখনো পূর্ণ বাক্য হতে পারে না।) যেমন ঃ

غُلَامُ زَيْدٍ قَائِمٌ - عِنْدِىْ اَحَدَ عَشَرَ دِرْهَمًا - جَاءَ بَعْلَبَكُّ

প্রশ্ন ঃ جمله বা বাক্য গঠন করতে হলে কতটি كلمه প্রয়োজন?

উত্তর ঃ কোন جمله বা বাক্য দুটি কালিমার কমে গঠিত হতে পারে না। চাই তা لفظا (প্রকাশ্যে) হোক যেমন ঃ زَيْدٌ قَائِمٌ বা تقديرا (অপ্রকাশ্যে) হোক যেমন ঃ اِضْرِبْ এর মধ্যে انت শব্দটি লুকায়িত আছে। দুইয়ের অধিক কালিমা দ্বারাও বাক্য গঠিত হয়। তবে এই আধিক্যের কোন সীমা নেই।

প্রশ্ন ঃ বাক্যের মধ্যে শব্দ বেশি হওয়ার কয়েকটি উদাহরণ দাও।

উত্তর ঃ বাক্যে কখনো তিনটি কালেমা হয়। যেমন ঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا
কখনো চার কালেমা হয়। যেমন ঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا ضَرْبًا
কখনো পাঁচ কালেমা হয়। যেমন ঃ ضَرَبَ زَيْدٌ عَمْرًوا ضَرْبًا شَدِيْدًا
আবার কখনো তার চেয়েও বেশি হয়। বেশির কোন সীমা নেই।

প্রশ্ন ঃ جمله বা বাক্যের মধ্যে শব্দের সংখ্যা বেশী হলে কয়টি কাজ করলে বাক্যের সঠিক অর্থ জানা যাবে?

উত্তর ঃ جمله (বাক্য) এর মধ্যে শব্দ যখন বেশী হয়ে যাবে, তখন দেখতে হবে-(১) কোনটি اسم , কোনটি فعل, কোনটি حرف,
(২) কোনটি معرب (মুরাব), কোনটি مبنى (মাবনী),
(৩) কোনটি عامل (আমেল), কোনটি معمول (মা'মুল),
(৪) كلمه গুলির পরস্পর সম্পর্ক কি তাও জানতে হবে।
এ কাজগুলো করলে مسند এবং مسند اليه বের করা সহজ হয়ে যাবে এবং এর ফলে বাক্যের সুস্পষ্ট অর্থ সঠিকভাবে জানা যাবে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৮ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

পঞ্চম পাঠ

ইস্‌ম, ফে'ল ও হরফের আলামতসমূহ

প্রশ্ন ঃ اسم কাকে বলে ?

উত্তর ঃ (১) اسم ঐ শব্দকে বলে যে নিজেই নিজের অর্থ প্রকাশ করতে পারে এবং তার মধ্যে তিন যমানার কোন যমানা পাওয়া যায়না যেমন ঃ رَجُلٌ (একজন পুরুষ)।

প্রশ্ন ঃ اسم -এর আলামত কয়টি ও কি কি ?

উত্তর ঃ اسم এর আলামত ১১টি

(১) শব্দের শুরুতে الف لام যুক্ত হওয়া। যেমনঃ اَلْحَمْدُ (সমস্ত প্রশংসা)

(২) (শব্দের শুরুতে) حرف جار যুক্ত হওয়া। যেমনঃ بِزَيْدٍ (যায়েদের সাথে)

(৩) (শব্দের শেষাক্ষরে) তানবীন যুক্ত হওয়া। যেমন ঃ زَيْدٌ

(৪) مسند اليه হওয়া। যেমন ঃ زَيْدٌ قَائِمٌ (যায়েদ দন্ডায়মান)

(৫) مضاف (সম্বন্ধপদ) হওয়া। যেমন ঃ غُلَامُ زَيْدٍ (যায়েদের গোলাম)

(৬) مصغر (ক্ষুদ্রতাবাচক বিশেষ্য) হওয়া। যেমন ঃ قُرَيْشٌ (কুরাইশ বংশীয় লোক)।

(৭) منسوب (সম্পর্কমূলক বিশেষ্য) হওয়া। যেমন ঃ بَغْدَادِيٌّ (বাগদাদের অধিবাসী)

(৮) مثنى (দ্বিবচন) হওয়া। যেমন ঃ رَجُلَانِ (দুইজন পুরুষ)

(৯) مجموع (বহুবচন) হওয়া। যেমন ঃ رِجَالٌ (পুরুষগুলি)

(১০) موصوف (গুণবিশিষ্ট বিশেষ্য) হওয়া। যেমন ঃ جَاءَ رَجُلٌ عَالِمٌ (একজন জ্ঞানী লোক এসেছেন)।

(১১) (শব্দের শেষে) تائے متحرك (হরকত বিশিষ্ট 'তা') যুক্ত হওয়া। যেমন ঃ ضَارِبَةٌ (প্রহারকারিণী)

www.islamijindegi.com

প্রশ্ন ঃ مصغر ও مكبر কাকে বলে ? ঃ

উত্তর ঃ تصغير (ক্ষুদ্রাকৃতি) تعظيم (সম্মান), تحقير (নিন্দা) বা شفقت (আদর) বুঝানোর জন্য কোন শব্দকে فعيل - فعيل এবং فعيليل এর ওযনে গঠন করাকে تصغير বলে। যে اسم কে تصغير করা হয়, তাকে مصغر বলে। যে ইস্মকে تصغير করা না হয় তাকে مكبر বলে।

প্রশ্ন ঃ منسوب কাকে বলে?

উত্তর ঃ কোন কিছুর সাথে সম্পর্কিত বুঝানোর জন্য কোন শব্দের শেষে يائے نسبتی যোগ করলে সেই শব্দকে منسوب বলে। যেমন ঃ بنغلاديشیٌ (বাংলাদেশী)

প্রশ্ন ঃ فعل কাকে বলে ?

উত্তর ঃ যে শব্দ নিজের অর্থ নিজেই প্রকাশ করে এবং এতে তিন যামানার কোন একটি যামানা পাওয়া যায় তাকে ফে'ল বলে।

প্রশ্ন ঃ فعل-এর علامت কয়টি ও কি কি ?

উত্তর ঃ فعل এর আলামত ৮টিঃ

(১) (শব্দের পূর্বে) قد আসা। যেমন ঃ قد ضرب
(সে প্রহার করেছে)

(২) (শব্দের শুরুতে) س আসা। যেমন ঃ سيضرب
(অচিরেই সে মারবে)

(৩) (শব্দের পূর্বে) سوف আসা। যেমন ঃ سوف يضرب
(অনতিবিলম্বে সে মারবে।)

(৪) (শব্দের পূর্বে) حرف جازم আসা। যেমন ঃ لم يضرب
(সে প্রহার করেনি)

(৫) (শব্দের সাথে) ضمير مرفوع متصل যুক্ত হওয়া। যেমন ঃ ضربت (আমি মেরেছি)

(৬) (শব্দের শেষে) تائے ساكنه (জযম বিশিষ্ট تاء) যুক্ত হওয়া।
যেমনঃ ضربت (সে একজন মহিলা প্রহার করেছে)।

www.islamijindegi.com

(৭) امر হওয়া। যেমন ঃ اِضْرِبْ (তুমি প্রহার কর।)

(৮) نهى হওয়া। যেমন ঃ لَاتَضْرِبْ (তুমি প্রহার কর না)।

প্রশ্ন ঃ حرف কাকে বলে ?

উত্তর ঃ যে শব্দ নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না বরং তার অর্থ প্রকাশ করার জন্য অন্য শব্দের প্রতি মুখাপেক্ষী হয় তাকে حرف বলে।

প্রশ্ন ঃ حرف -এর আলামত কি?

উত্তর ঃ اسم এবং فعل এর কোন আলামত না থাকাই হরফের আলামত।

অনুশীলনী

১। নিম্নলিখিত جمله গুলিতে কি كلمه উহ্য রয়েছে বল ঃ

اِضْرِبْ - لَاتَضْرِبْ - قَالَ - فَعَلُوْا - قَالَتَا - اِذْهَبُوْا -

২। مركب غير مفيد বাক্যের অংশ হওয়ার তিনটি উদাহরণ পেশ কর।

৩। নিম্নলিখিত বাক্যগুলির মধ্যে ইসম, ফে'ল ও হরফ চিহ্নিত কর ঃ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ - جَاءَ رَجُلَانِ - مَرَرْتُ بِزَيْدٍ .
صَعِدَ عَلَى الشَّجَرَةِ - سَيَذْهَبُ زَيْدٌ سَوْفَ تَعْلَمُوْنَ - لَمْ يَقُلْ .
اُنْصُرْ - هُوَ مَدَنِيٌّ - لِلّٰهِ مَا فِي السَّمٰوَاتِ وَمَا فِى الْاَرْضِ .

www.islamijindegi.com

ষষ্ঠ পাঠ

معرب ও مبنى -এর পরিচয়

প্রশ্ন ঃ كلمه -এর শেষ অবস্থা পরিবর্তন হওয়া না হওয়ার ভিত্তিতে আরবী শব্দ কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ كلمه -এর শেষ অবস্থা পরিবর্তন হওয়া না হওয়ার ভিত্তিতে আরবী শব্দসমূহ মোট দুই প্রকার।

(১) معرب (পরিবর্তনশীল) (২) مبنى (অপরিবর্তনশীল)

প্রশ্ন ঃ معرب কাকে বলে?

উত্তর ঃ معرب ঐ শব্দকে বলে যার পূর্বে বিভিন্ন ধরনের আমেল আসার কারণে তার শেষাক্ষর বিভিন্ন রূপ ধারণ করে। যেমন ঃ

جَاءَ زَيْدٌ - رَاَيْتُ زَيْدًا - مَرَرْتُ بِزَيْدٍ

বাক্যসমূহে زَيْدٌ শব্দটি। এখানে جَاءَ শব্দটি আমেল زَيْدٌ শব্দটি মুরাব, محل اعراب এরাব,'দাল' رفع

প্রশ্ন ঃ مبنى কাকে বলে ?

উত্তর ঃ مبنى ঐ শব্দকে বলে যার পূর্বে বিভিন্ন ধরনের আমেল আসার কারণে তার শেষাক্ষর বিভিন্ন রূপ ধারণ করে না। যেমন ঃ هٰؤُلَاءِ শব্দটি -(مَرَرْتُ بِهٰؤُلَاءِ - رَاَيْتُ هٰؤُلَاءِ - جَاءَ هٰؤُلَاءِ) হালাতে রফা, হালাতে নছব ও হালাতে জর সর্বাবস্থায় একই রকম থাকে।

প্রশ্ন ঃ اعراب কাকে বলে ?

উত্তর ঃ معرب -এর শেষের পরিবর্তনের অবস্থাকে اعراب বলে।

প্রশ্ন ঃ اعراب কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ اعراب দুই প্রকার যথা ঃ

(১) اعراب بالحركات যেমন ঃ ضمه - فتح - كسره - جزم

(২) اعراب بالحروف যেমন ঃ واو - الف - يا - نون اعرابى

এই পৃষ্ঠার উদাহরণের তারকাঁব ১২৮ ও ১২৯ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ حالت কাকে বলে? উহা কত প্রকার ও কি কি?

উত্তর ঃ আমেল এসে মু'রাবের শেষে যে বিভিন্ন অবস্থা সৃষ্টি করে তাকে حالت বলে। حالت মোট চার প্রকার। যথা ঃ

(১) حالت رفعی (২) حالت نصبی (৩) حالت جری (৪) حالت جزمی

প্রশ্নঃ محل اعراب কাকে বলে?

উত্তর ঃ اعراب প্রকাশের স্থানকে محل اعراب বলে? যেমনঃ

جَاءَ زَيْدٌ বাক্যে زَيْدٌ শব্দের শেষাক্ষর دال টি محل اعراب

প্রশ্ন ঃ عامل কাকে বলে? এবং عامل কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ যে জিনিস معرب -এর শেষাবস্থাকে পরিবর্তন করে তাকে عامل বলে। عامل চার প্রকার। যথা ঃ

(১) عامل رافع (২) عامل ناصب

(৩) عامل جار (৪) عامل جازم

অনুশীলনী

১। নিম্নলিখিত জুমলাসমূহে আমেল এবং محل اعراب নির্ণয় কর ঃ

ذَهَبَ خَالِدٌ - اَعْطَيْتُ بَكْرًا -قَالَ قَائِلٌ - لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ
كَتَبْتُ بِالْقَلَمِ - قَرَأَ زَيْدٌ الْكِتَابَ - جَلَسَ الْمُعَلِّمُ عَلَى الْكُرْسِيِّ
نَحْنُ نَحْتَرِمُ الْمُعَلِّمَ - سَلِّمْ عَلَى الْاُسْتَاذِ .

www.islamijindegi.com

সপ্তম পাঠ

مبنى ও معرب -এর প্রকারভেদ

প্রশ্ন ঃ مبنى কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ مبنى দু প্রকার ঃ (১) مبنى اصل (২) مبنى بالمشابه

প্রশ্ন ঃ مبنى اصل কয়টি?

উত্তর ঃ مبنى اصل ৩টি। যথা-

(১) جمله حروف (২) فعل ماضى (৩) امر حاضر معروف

প্রশ্নঃ উপরোক্ত তিন প্রকার শব্দ ছাড়াও কি কোন শব্দ مبنى আছে?

উত্তর ঃ হ্যাঁ আছে। فعل مضارع -এর যে সমস্ত ছীগায় نون جمع مونث এবং نون تاكيد পাওয়া যায় সেগুলো মাবনী। অনুরূপ اسم غير متمكن মাবনী। (সুতরাং মাবনী মোট পাঁচ প্রকার হল।)

প্রশ্ন ঃ اسم متمكن কাকে বলে?

উত্তর ঃ اسم متمكن ঐ اسم কে বলে যা مبنى اصل এর সাথে সাদৃশ্য রাখে না।

প্রশ্ন ঃ معرب কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ معرب দুই প্রকার।

(১) اسم متمكن যদি বাক্যে ব্যবহৃত হয়।

(২) فعل مضارع যদি نون جمع مؤنث এবং نون تاكيد থেকে খালি হয়। অতএব দেখা গেল যে, আরবী ভাষায় মাত্র দুই প্রকার শব্দ معرب আর বাকী সব শব্দ مبنى

অনুশীলনী

১। নিম্নে বর্ণিত উদাহরণসমূহে মুরাব ও মবনী নির্ধারণ কর ঃ

أُولَاءِ - مُوْسٰى - عِيْسٰى - هٰؤُلَاءِ - عَمْرٌو - حَمْرَاءُ - اَللّٰهُ
حُبْلٰى - كِتَابٌ - قَلَمٌ - دَرْسٌ - نَصَرْتُ - اِضْرِبْ

২। فعل مضارع -এর যে সব ছীগা মাবনী এগুলোর তিনটি করে উদাহরণ দাও।

www.islamijindegi.com

অষ্টম পাঠ

اسم غير متمكن -এর প্রকারভেদ

প্রশ্ন ঃ اسم غير متمكن কাকে বলে?

উত্তর ঃ اسم غير متمكن ঐ اسم কে বলে যা مبنى اصل -এর সাথে সামঞ্জস্য রাখে।

প্রশ্ন ঃ اسم غير متمكن কত প্রকার ও কি কি ?

উত্তর ঃ اسم غير متمكن মোট ৮ প্রকার।

(১) مضمرات (২) اسمائے اشارات (৩) اسمائے موصولات

(৪) اسمائے افعال (৫) اسمائے اصوات (৬) اسمائے ظروف

(৭) كنايات اسمائے (৮) مركب بنانى

প্রথম প্রকার

مضمرات (সর্বনাম)

প্রশ্ন ঃ ضمير কাকে বলে?

উত্তর ঃ اسم ظاهر (প্রকাশ্য ইসম) এর পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয় তাকে যমীর বলে। বাংলায় যমীরকে সর্বনাম বলা হয়।

প্রশ্ন ঃ যমীর কত প্রকার ও কি কি?

উত্তর ঃ যমীর পাঁচ প্রকার।

(১) ضمير مرفوع متصل (ক্রিয়া সংযুক্ত কর্তৃকারকের সর্বনাম)

(২) ضمير مرفوع منفصل (ক্রিয়া থেকে পৃথক কর্তৃকারকের সর্বনাম)

(৩) ضمير منصوب متصل (ক্রিয়া সংযুক্ত কর্মকারকের সর্বনাম)

(৪) ضمير منصوب منفصل (ক্রিয়া থেকে পৃথক কর্মকারকের সর্বনাম)

(৫) ضمير مجرور متصل (সম্বন্ধপদের সংযুক্ত সর্বনাম)

www.islamijindegi.com

প্রশ্ন ঃ ضمير مرفوع متصل কাকে বলে ?

উত্তর ঃ ضمير مرفوع متصل ঐ যমীরকে বলে যা عامل رافع -এর সাথে মিলিত হয়ে ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ ضمير مرفوع متصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير مرفوع متصل ১৪টি। যথা ঃ

(১) ضَرَبْتُ (আমি মেরেছি)
(২) ضَرَبْنَا (আমরা মেরেছি)
(৩) ضَرَبْتَ (তুমি (পুং) মেরেছো)
(৪) ضَرَبْتُمَا (তোমরা দুজন (পুং) মেরেছো)
(৫) ضَرَبْتُمْ (তোমরা সকল (পুং) মেরেছো)
(৬) ضَرَبْتِ (তুমি (স্ত্রী) মেরেছো)
(৭) ضَرَبْتُمَا (তোমরা দুজন (স্ত্রী) মেরেছো)
(৮) ضَرَبْتُنَّ (তোমরা সকল (স্ত্রী) মেরেছো)
(৯) ضَرَبَ সে (পুং) মেরেছে)
(১০) ضَرَبَا (তারা দুজন (পুং) মেরেছে)
(১১) ضَرَبُوْا (তারা সকল (পুং) মেরেছে)
(১২) ضَرَبَتْ (সে (স্ত্রী) মেরেছে)
(১৩) ضَرَبَتَا (তারা দুজন (স্ত্রী) মেরেছে)
(১৪) ضَرَبْنَ (তারা সকল (স্ত্রী) মেরেছে)

প্রশ্ন ঃ ضمير مرفوع منفصل কাকে বলে?

উত্তর ঃ ضمير مرفوع منفصل ঐ যমীরকে বলে যা عامل رافع থেকে পৃথক ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ ضمير مرفوع منفصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير مرفوع منفصل ১৪টি। যথা ঃ

(১) اَنَا (আমি)
(২) نَحْنُ (আমরা দুজন (পুং/স্ত্রী)
(৩) اَنْتَ (তুমি পুং)
(৪) اَنْتُمَا (তোমরা দুজন (পুং)
(৫) اَنْتُمْ (তোমরা সকল (পুং)
(৬) اَنْتِ (তুমি (স্ত্রী)
(৭) اَنْتُمَا (তোমরা দুজন (স্ত্রী)
(৮) اَنْتُنَّ (তোমরা সকল (স্ত্রী)
(৯) هُوَ (সে (পুং)
(১০) هُمَا (তারা দুজন (পুং)
(১১) هُمْ (তারা সকল (পুং)
(১২) هِيَ (সে (স্ত্রী)
(১৩) هُمَا (তারা দুজন (স্ত্রী)
(১৪) هُنَّ (তারা সকল (স্ত্রী)

www.islamijindegi.com

প্রশ্ন ঃ ضمير منصوب متصل কাকে বলে?

উত্তর ঃ ضمير منصوب متصل ঐ যমীরকে বলে যা ناصب عاملএর সাথে মিলিত হয়ে ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ ضمير منصوب متصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير منصوب متصل ১৪টি। যথা ঃ

(১) ضَرَبَنِىْ (সে আমাকে মেরেছে)

(২) ضَرَبَنَا (সে আমাদেরকে মেরেছে)

(৩) ضَرَبَكَ (সে তোমাকে (পুং) মেরেছে)

(৪) ضَرَبَكُمَا (সে তোমাদের দুজন (পুং) কে মেরেছে)

(৫) ضَرَبَكُمْ (সে তোমাদের সকল (পুং) কে মেরেছে)

(৬) ضَرَبَكِ (সে তোমাকে (স্ত্রী) মেরেছে)

(৭) ضَرَبَكُمَا (সে তোমাদের দুজন (স্ত্রী) কে মেরেছে)

(৮) ضَرَبَكُنَّ (সে তোমাদের সকল (স্ত্রী) কে মেরেছে)

(৯) ضَرَبَهُ (সে তাকে (পুং) মেরেছে)

(১০) ضَرَبَهُمَا (সে তাদের দুজন (পুং) কে মেরেছে)

(১১) ضَرَبَهُمْ (সে তাদের সকল (পুং) কে মেরেছে)

(১২) ضَرَبَهَا (সে তাকে (স্ত্রী) মেরেছে)

(১৩) ضَرَبَهُمَا (সে তাদের দুজন (স্ত্রী) কে মেরেছে)

(১৪) ضَرَبَهُنَّ (সে তাদের সকল (স্ত্রী) কে মেরেছে)

প্রশ্ন ঃ ضمير منصوب منفصل কাকে বলে?

উত্তর ঃ ضمير منصوب منفصل ঐ যমীরকে বলে যা ناصب عامل থেকে পৃথক ব্যবহৃত হয়।

www.islamijindegi.com

প্রশ্ন ঃ ضمير منصوب منفصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير منصوب منفصل ১৪টি। যথা ঃ

(১) اِيَّايَ (আমাকে)
(২) اِيَّانَا (আমাদেরকে)
(৩) اِيَّاكَ [তোমাকে (পুং)
(৪) اِيَّاكُمَا [তোমাদের দুজনকে(পুং)]
(৫) اِيَّاكُمْ [তোমাদের সকল (পুং)] কে
(৬) اِيَّاكِ [তোমাকে (স্ত্রী)]
(৭) اِيَّاكُمَا [তোমাদের দুজনকে (স্ত্রী) কে]
(৮) اِيَّاكُنَّ [তোমাদের সকল (স্ত্রী) কে]
(৯) اِيَّاهُ [তাকে (পুং)]
(১০) اِيَّاهُمَا [তাদের দুজন (পুং)কে]
(১১) اِيَّاهُمْ [তাদের সকল (পুং) কে]
(১২) اِيَّاهَا [তাকে (স্ত্রী) কে]
(১৩) اِيَّاهُمَا [তাকে দুজন (স্ত্রী) কে]
(১৪) اِيَّاهُنَّ [তাদের সকল (স্ত্রী)কে]

প্রশ্ন ঃ ضمير مجرور متصل কাকে বলে?

উত্তর ঃ مضاف বা حرف جار এর সাথে মিলিত যমীরকে ضمير مجرور متصل বলে।

প্রশ্ন ঃ ضمير مجرور متصل কয়টি ও কি কি?

উত্তর ঃ ضمير مجرور متصل ১৪টি। যথা ঃ

ضمير مجرور متصل -এর সাথে মিলিত حرف جار

(১) لِيْ (আমার)
(২) لَنَا (আমাদের)
(৩) لَكَ [তোমার (পুং)]
(৪) لَكُمَا [তামাদের (দুজন পুঃ)]
(৫) لَكُمْ [তোমাদের (সকল পুং)]
(৬) لَكِ [তোমার (স্ত্রী)]
(৭) لَكُمَا [তোমাদের (দুজনস্ত্রী)
(৮) لَكُنَّ [তোমাদের (সকল স্ত্রী)]
(৯) لَهُ [তার (পুং)]
(১০) لَهُمَا [তাদের (দুঃ পুঃ]
(১১) لَهُمْ [তাদের সকলের (পুং)]
(১২) لَهَا [তার (স্ত্রী)]
(১৩) لَهُمَا [তাদের (দুঃ স্ত্রী)]
(১৪) لَهُنَّ [তাদের (স ঃ স্ত্রী)]

www.islamijindegi.com

مضاف (ইসম) -এর সাথে মিলিত ضمير مجرور متصل

(১) دَارِيْ (আমার বাড়ী) (২) دَارُنَا (আমাদের বাড়ী)

(৩) دَارُكَ (তোমার [একঃ পুঃ] বাড়ী) (৪) دَارُكُمَا (তোমাদের [দুঃপুঃ] বাড়ী)

(৫) دَارُكُمْ (তোমাদের [সঃ পুঃ] বাড়ী) (৬) دَارُكِ (তোমার [এক স্ত্রী] বাড়ী)

(৭) دَارُكُمَا (তোমাদের [দুঃ স্ত্রী] বাড়ী) (৮) دَارُكُنَّ (তোমাদের [সঃস্ত্রী] বাড়ী)

(৯) دَارُهُ (তাহার [এক পুঃ] বাড়ী) (১০) دَارُهُمَا (তাহাদের [দুঃ পুঃ] বাড়ী)

(১১) دَارُهُمْ (তাহাদের [সঃ পুঃ] বাড়ী) (১২) دَارُهَا (তাহার [এক স্ত্রী] বাড়ী)

(১৩) دَارُهُمَا (তাহাদের [দুঃ স্ত্রী] বাড়ী) (১৪) دَارُهُنَّ (তাহাদের [সঃ স্ত্রী] বাড়ী)।

দ্বিতীয় প্রকার

اسمائے اشارات (ইঙ্গিতসূচক বিশেষ্যসমূহ)

প্রশ্ন ঃ اسمائے اشارة কাকে বলে?

উত্তর ঃ যে সকল اسم দ্বারা নির্দিষ্ট কোন ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করা হয় সেগুলোকে اسمائے اشارة বলে।

প্রশ্ন ঃ مشار اليه কাকে বলে?

উত্তর ঃ اسم اشاره দ্বারা যে ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করা হয়, তাকে مشار اليه বলে।

প্রশ্ন ঃ اسمائے اشاره কয়টি ও কি কি?

উত্তর ঃ اسمائے اشاره তেরটি। যথা ঃ

১. এক বচন مذكر এর ক্ষেত্রে - ذَا

২. এক বচন مؤنث এর ক্ষেত্রে- تَا. تِىْ. تِهْ. تِهِىْ. ذِهْ. ذِهِىْ تِهِمْ

৩. দ্বি বচন مذكر এর ক্ষেত্রে- ذَا – ذَانِ – ذَيْنِ

৪. দ্বি বচন مؤنث এর ক্ষেত্রে- تَانِ – تَيْنِ

৫. বহু বচন مذكر ও مؤنث উভয় ক্ষেত্রে-– اُولِىْ – اُولَاءِ

www.islamijindegi.com

তৃতীয় প্রকার

اسمائے موصوله (সম্বন্ধসূচক বিশেষ্যসমূহ)

প্রশ্ন ঃ اسمائے موصوله কাকে বলে?

উত্তর ঃ اسمائے موصوله এমন اسم কে বলে যার উদ্দেশ্য পরবর্তী জুমলা দ্বারা নির্ধারিত হয়।

প্রশ্ন ঃ صله কাকে বলে?

উত্তর ঃ যে জুমলা اسم موصول এর উদ্দেশ্য নির্ধারিত করে তাকে صله বলে।

প্রশ্ন ঃ عائد কাকে বলে?

উত্তর ঃ صله এর মধ্যে সাধারণত একটি ضمير থাকে, যা اسم موصول এর দিকে ফিরে, তাকে ضمير عائد বলা হয়।

প্রশ্ন ঃ اسمائے موصوله কয়টি ও কি কি?

উত্তর ঃ اسمائے موصوله বারটি। যথা ঃ

১. এক বচন مذكر -এর ক্ষেত্রে- اَلَّذِيْ

২. দ্বি বচন مذكر -এর ক্ষেত্রে- اَلَّذَانِ – اَلَّذَيْنِ

৩. বহু বচন مذكر -এর ক্ষেত্রে- اَلَّذِيْنَ

৪. এক বচন مؤنث -এর ক্ষেত্রে- اَلَّتِيْ

৪. দ্বি বচন مؤنث -এর ক্ষেত্রে- اَللَّتَانِ – اَللَّتَيْنِ

৫. বহু বচন مؤنث -এর ক্ষেত্রে- اَللَّاتِيْ – اَللَّوَاتِيْ

৬. مَا -এর ক্ষেত্রে- غير ذوي العقول

৭. مَنْ -এর ক্ষেত্রে- ذوي العقول

৮. اَيٌّ -এর ক্ষেত্রে- مذكر

৯. اَيَّةٌ -এর ক্ষেত্রে- مؤنث

১০. مذكر ও مؤنث উভয়ের ক্ষেত্রে- الف لام بمعنى الذي ইসমে ফায়েল ও ইসমে মাফউলে আসে। যেমন ঃ اَلضَّارِبُ – اَلْمَضْرُوْبُ

১১. বনী তাঈ গোত্রের ভাষারীতি অনুযায়ী ذُوْ শব্দটিও اَلَّذِيْ এর অর্থে আসে। যেমন ঃ جَاءَنِيْ ذُوْ ضَرَبَكَ (অর্থাৎ اَلَّذِيْ ضَرَبَكَ)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১২৮ ও ১২৯ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ اَيٌّ ও اَيَّةٌ শব্দ দু'টি মু'রাব না মাবনী?

উত্তর ঃ اَيٌّ এবং اَيَّةٌ শব্দ দুটি এক অবস্থায় مبنى তিন অবস্থায় معرب ।

প্রশ্ন ঃ اَيٌّ ও اَيَّةٌ কোন অবস্থায় **معرب** কোন অবস্থায় **مبنى**?

উত্তর ঃ اَيٌّ এবং اَيَّةٌ শব্দ দুটি যখন مضاف হয় এবং তার صله উল্লেখ করা না হয়, তখন مبني । যেমন ঃ اَيُّهُمْ قَائِمٌ

আর বাকী তিন অবস্থায় معرب

১. শব্দ দুটি مضاف হবে এবং صدرصله উল্লেখ থাকবে।

যেমন ঃ اَيُّهُمْ هُوَ قَائِمٌ

২. শব্দ দুটি مضاف হবে না এবং صدرصله উল্লেখ থাকবে না।

যেমন ঃ اَيٌّ قَائِمٌ

৩. শব্দ দুটি مضاف হবে না, কিন্তু صدر صله উল্লেখ থাকবে।

যেমন ঃ اَيٌّ هُوَ قَائِمٌ

চতুর্থ প্রকার

اسمائے افعال (ফেল এর অর্থবোধক ইস্‌মসমূহ)

প্রশ্ন ঃ اسمائے افعال কাকে বলে?

উত্তর ঃ اسمائے افعال - اسم فعل এর বহু বচন। اسم فعل এমন কালিমা যা ওযন ও কাঠামোগত اسم হলেও فعل এর অর্থ প্রদান করে।

প্রশ্ন ঃ اسمائے افعال কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ اسمائے افعال দুই প্রকার ঃ যথা ঃ

(১) ঐ সমস্ত اسمائے افعال যেগুলো امر حاضر এর অর্থ প্রকাশ করে। যেমন ঃ هَلُمَّ (এসো) حَيَّهَلْ (এসো) بَلْهَ (ছাড়) رُوَيْدَ (সুযোগ দাও)

(২) ঐ সমস্ত اسمائے افعال যেগুলো فعل ماضى এর অর্থ প্রকাশ করে। যেমন ঃ هَيْهَاتَ (দূর হয়েছে) شَتَّانَ (পৃথক হয়েছে)

www.islamijindegi.com

পঞ্চম প্রকার

اسمائے اصوات (ধ্বনিসূচক শব্দসমূহ)

প্রশ্ন ঃ اسمائے اصوات কাকে বলে?

উত্তর ঃ যে সকল শব্দ দ্বারা কোন পশু-পাখি অথবা মানুষের আওয়াজ নকল করা হয় তাকে اسمائے اصوات বলে। যেমন ঃ اُحْ اُحْ (কাশির শব্দ) اُفْ (ব্যথা বেদনার শব্দ) بَخٍّ (আনন্দ প্রকাশের শব্দ) نَخٍّ উট বসানোর শব্দ) غَاقَ (কাকের আওয়াজ)।

ষষ্ঠ প্রকার

اسمائے ظروف (স্থান বা কালসূচক ইস্‌মসমূহ)

প্রশ্ন ঃ اسمائے ظروف কাকে বলে?

উত্তর ঃ যে সকল اسم কোন কাজের সময় অথবা স্থান বুঝায় তাকে اسمائے ظروف বলে।

প্রশ্ন ঃ اسمائے ظروف কত প্রকার ও কি কি?

উত্তর ঃ اسمائے ظروف দুই প্রকার।

(১) ظرف زمان (কালসূচক বিশেষ্য)

যেমন ঃ اِذْ - اِذَا - مَتٰى - كَيْفَ - اَيَّانَ - اَمْسِ - مُذْ - مُنْذُ - قَطُّ - عَوْضُ - قَبْلُ - بَعْدُ

(২) ظرف مكان (স্থানবাচক বিশেষ্য)

প্রশ্ন ঃ কোন কোন اسمائے ظروف কখন معرب আবার কখন مبني হয়?

উত্তর ঃ যে সকল اسمائے ظروف কখনো معرب ও কখনো مبني হয় তা হল- قَبْلُ - بَعْدُ . تَحْتُ - قُدَّامُ

এই ইসমগুলো দুই অবস্থায় معرب ও এক অবস্থায় مبني হয়।

১. مضاف اليه প্রকাশ্যে থাকবে। যেমন ঃ قَبْلَ اَيَّامٍ

২. অথবা যখন আদৌ مضاف হবে না। যেমন ঃ رُبَّ بَعْدٍ خَيْرٌ مِنْ قَبْلٍ

উক্ত দুই অবস্থায় معرب

www.islamijindegi.com

(৩) আর যখন তার مضاف اليه মনে মনে থাকবে তখন সেগুলো ضمه এর উপর مبني হবে। যেমন ঃ لِلّٰهِ الْاَمْرُ مِنْ قَبْلُ وَمِنْ بَعْدُ

প্রশ্ন ঃ যে সকল ظروف أسمائے সর্বদা معرب হয় সেগুলো কি কি?

উত্তর ঃ اَمَامَ . وَرَاءَ . خَلْفَ . يَمِيْنَ . شِمَالَ

সপ্তম প্রকার

اسمائے كنايات (অস্পষ্ট ইঙ্গিতসূচক বিশেষ্যসমূহ)

প্রশ্ন ঃ اسمائے كنايات কাকে বলে?

উত্তর ঃ যে সকল اسم দ্বারা কোন অস্পষ্ট সংখ্যা, কথা বা কাজের প্রতি ইঙ্গিত করা হয় তাদেরকে اسمائے كنايات বলে।

প্রশ্ন ঃ اسمائے كنايات কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ اسمائے كنايات দুই প্রকার।

১. সংখ্যার প্রতি ইঙ্গিত বাচক। যেমন ঃ كَمْ . كَذَا

২. কথা বা কাজের প্রতি ইঙ্গিত বাচক যেমন ঃ كَيْتَ . ذَيْتَ

অষ্টম প্রকার

مركب بنائى (সংযুক্ত অপরিবর্তনশীল পদ)

যেমন ঃ اَحَدَعَشَرَ -এর আলোচনা পূর্বে অতিবাহিত হয়েছে।

অনুশীলনী

১। নিম্নোক্ত বাক্যগুলোতে ضمير এর প্রকার নির্ণয় কর।

اَطَعْنَا اللّٰهَ وَرَسُوْلَهٗ - اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ - لَنَا اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ

২। নিম্নলিখিত اسمائے اشارات ও اسمائے موصوله এর কোনটি مذكر এবং কোনটি مؤنث এবং কোনটি واحد কোনটি تثنيه এবং কোনটি جمع বল।

ذَانِ - اُولَاءِ - تَا - ذَيْنِ - تِهْ - ذِهْ - ذَا - تَيْنِ - ذِهِىْ -
اَلَّذَيْنِ - اَللَّوَاتِىْ - اَلَّتِىْ - اَلَّذَانِ - اَللَّتَيْنِ - اَللَّاتِىْ - اَيَّةٌ - اَىٌّ

www.islamijindegi.com

নবম পাঠ

বিভিন্ন দৃষ্টিকোণ থেকে اسم -এর প্রকারভেদ

✪ জেনে রাখা উচিত যে, (নির্দিষ্ট ও অনির্দিষ্ট হওয়ার দিক থেকে) اسم দুই প্রকার। যথা ঃ (১) معرفه (নির্দিষ্ট) (২) نكره (অনির্দিষ্ট)

প্রশ্ন ঃ معرفة কাকে বলে?

উত্তর ঃ معرفه এমন ইসমকে বলে যদ্বারা কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু বুঝায়। যেমন ঃ شَمْسٌ . مَدْرَسَةٌ. بَكْرٌ

প্রশ্ন ঃ معرفة কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ معرفه সাত প্রকার।

(১) مضمرات (সর্বনাম) যেমন ঃ نَحْنُ . اَنَا

(২) اعلام (নামবাচক বিশেষ্য) যেমন ঃ عَمْرٌو – زَيْدٌ

(৩) اسمائے اشارات যেমন ঃ ذَانِ . ذَا

(৪) اسمائے موصوله যেমন ঃ اَلَّذَيْنِ . اَلَّذِيْ

(৫) معرف بالنداء (حرف ندا দ্বারা নির্দিষ্ট বিশেষ্য) যেমন ঃ يَا رَجُلُ

(৬) معرف باللام যেমন ঃ اَلرَّجُلُ (লোকটি)

(৭) معرف بالاضافة অর্থাৎ معرف بالنداء ব্যতীত বাকী পাঁচটি معرفه এর প্রতি যে اسم মুযাফ্ হয়, যেমন ঃ

غُلَامُهٗ(তারগোলাম) غُلَامُ زَيْدٍ(যায়েদের গোলাম)

غُلَامُ هٰذَا(ঐ ব্যক্তির গোলাম) غُلَامُ الرَّجُلِ (লোকটির গোলাম)

غُلَامُ الَّذِىْ عِنْدِىْ (তার গোলাম যে আমার নিকট আছে)

প্রশ্ন ঃ نكرة কাকে বলে?

উত্তর ঃ نكره এমন ইসমকে বলে যা অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু বুঝায়।

যেমন ঃ رَجُلٌ (একটি লোক) এবং فَرَسٌ (একটি ঘোড়া)।

www.islamijindegi.com

তবে بَاب اَعْطَيْتُ এর দ্বিতীয় মাউফল এর চেয়ে প্রথম মাফউল কে نائب فاعل বানানো উত্তম।

অনুশীলনী

১। فعل متعدى কাকে বলে? তা কত প্রকার ও কি কি?

২। নিম্নলিখিত বাক্যগুলিতে কোন প্রকারে فعل متعدى ব্যবহৃত হয়েছে?

رَأَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ اَفْوَاجًا - اِتَّخَذَ اللّٰهُ اِبْرَاهِيْمَ خَلِيْلًا - لَاتَحْسَبَنَّ الَّذِيْنَ قُتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتًا - ظَنَّ زَيْدٌ بَكْرًا عَالِمًا - وَوَجَدُوْا مَا عَمِلُوْا حَاضِرًا - اِنِّىْ رَأَيْتُ اَحَدَ عَشَرَ كَوْكَبًا.

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪২ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

চতুর্থ পরিচ্ছেদ
افعال ناقصه (অসম্পূর্ণ ক্রিয়া)

প্রশ্ন ঃ افعال ناقصة কয়টি ও কি কি?

উত্তর ঃ افعال ناقصة মোট ১৭টি।

(১) كَانَ (ছিল) (২) صَارَ (হল) (৩) ظَلَّ (দিনের বেলা হল)
(৪) بَاتَ (রাতের বেলা হল) (৫) اَصْبَحَ (সকাল বেলা হল)
(৬) اَضْحٰى (চাশতের সময় হল) (৭) اَمْسٰى (সন্ধা বেলা হল)
(৮) عَادَ (হল) (৯) اَضَ (হল) (১০) غَدَا (হল) (১১) رَاحَ (হল)
(১২) مَازَالَ (সর্বদা থাকল) (১৩) مَا انْفَكَّ (সর্বদা থাকল)
(১৪) مَا بَرِحَ (সর্বদা থাকল) (১৫) مَا فَتِئَ (সর্বদা থাকল)
(১৬) مَادَامَ (যতক্ষণ) (১৭) لَيْسَ (নয়)

প্রশ্ন ঃ افعال ناقصة কে افعال ناقصة কেন বলা হয়?

উত্তর ঃ افعال ناقصه – শুধু فاعل দ্বারা সম্পন্ন হতে পারে না, বরং خبر এরও প্রয়োজন হয়। এ কারণেই এগুলোকে افعال ناقصه বলে।

প্রশ্ন ঃ افعال ناقصة কি আমল করে?

উত্তর ঃ افعال ناقصه জুমলায়ে ইসমিয়্যাহ এর পূর্বে এসে مبتدا কে رفع এবং خبر কে نصب দেয়। যেমন ঃ كَانَ زَيْدٌ قَائِمًا (যায়েদ দাঁড়ানো ছিল) كان এর مرفوع কে اسم كان এবং منصوب কে خبر كان বলা হয়।

প্রশ্ন ঃ افعال ناقصة কি কখনো تام হয়?

উত্তর ঃ افعال ناقصه অবস্থা বিশেষে তার নিজ فاعل দ্বারা সম্পূর্ণ হয়ে যায়। যেমন ঃ كَانَ مَطَرٌ (বৃষ্টি হল) এখানে كَانَ শব্দটি حَصَلَ এর অর্থে ব্যবহৃত হয়েছে। একে كَانَ تامه বলে।

প্রশ্ন ঃ كان زائدة (অতিরিক্ত كان) কাকে বলে?

উত্তর ঃ যে كَانَ বাক্যের মধ্যে অতিরিক্ত থাকে তাকে كان زائدة বলে।
(অতিরিক্ত হওয়ার অর্থ হল, كَانَ কে বাদ দিলেও বাক্যের অর্থ পরিবর্তন হয় না)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪২ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

পঞ্চম পরিচ্ছেদ

افعال مقاربه (নৈকট্যবোধক ক্রিয়া)

প্রশ্ন ঃ افعال مقاربة কাকে বলে?

উত্তর ঃ যে সকল فعل নিকটবর্তী সময়ে কোন কাজ সংঘটিত হওয়ার অর্থ বুঝায় এগুলোকে افعال مقاربه বলে।

প্রশ্ন ঃ افعال مقاربة কয়টি ও কি কি?

উত্তর ঃ افعال مقاربه মোট চারটি।

(১) عَسٰى (২) كَادَ (৩) كَرُبَ (৪) اَوْشَكَ

যেমন ঃ

(١) عَسٰى رَبُّكُمْ اَنْ يَّرْحَمَكُمْ (٢) كَادَتِ الشَّمْسُ اَنْ تَغْرُبَ

(٣) كَرُبَ الشِّتَاءُ اَنْ يَّنْقَضِيَ (٤) اَوْشَكَ الْمَاءُ اَنْ يَّنْفَدَ

প্রশ্ন ঃ افعال مقاربة কি আমল করে?

উত্তর ঃ এ ফেলগুলি افعال ناقصه এর মত জুমলায়ে ইসমিয়্যাহ এর পূর্বে এসে مبتدا কে رفع এবং خبر কে نصب দেয়। তবে এর خبر অধিকাংশ সময় فعل مضارع بان হয়।

যেমন ঃ عَسٰى زَيْدٌ اَنْ يَّخْرُجَ (অচিরেই যায়েদ বের হবে)

অথবা فعل مضارع بلا ان হয়। যেমন ঃ عَسٰى زَيْدٌ يَخْرُجُ

(সম্ভবতঃ যায়েদ বের হবে)

প্রশ্ন ঃ افعال مقاربة এর কখন خبر এর প্রয়োজন হয় না।

উত্তর ঃ কখনো فعل مضارع بلا ان – عسى এর فاعل হয়ে যায়। তখন তার خبر এর প্রয়োজন হয় না। যেমন ঃ عَسٰى اَنْ يَّخْرُجَ زَيْدٌ

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪২ ও ১৪৩ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

ষষ্ঠ পরিচ্ছেদ

افعال مدح وذم (প্রশংসা ও নিন্দাসূচক ক্রিয়া)

প্রশ্ন ঃ افعال مدح وذم কাকে বলে?

উত্তর ঃ যে فعل দ্বারা প্রশংসার ভাব প্রকাশ করা হয় তাকে فعل مدح এবং যে فعل দ্বারা নিন্দার ভাব প্রকাশ করা হয় তাকে فعل ذم বলা হয়।

فعل مدح যেমন ঃ نِعْمَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ খুব ভাল লোক)

فعل ذم যেমন ঃ بِئْسَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ কতই না খারাপ লোক)

প্রশ্ন ঃ افعال مدح وذم কয়টি ও কি কি?

উত্তর ঃ افعال مدح وذم মোট চারটি। যথা نِعْمَ ، حَبَّذَا - بِئْسَ - سَاءَ তন্মধ্যে نِعْمَ এবং حَبَّذَا প্রশংসা বুঝানোর জন্য আর بِئْسَ এবং سَاءَ বা নিন্দা বুঝানোর জন্য ব্যবহৃত হয়।

প্রশ্ন ঃ افعال مدح وذم এর فاعل এর পরে উল্লেখিত শব্দটিকে কি বলা হয়?

উত্তর ঃ এই চারটি فعل -এর ফায়েলের পরে যে শব্দটি উল্লেখ থাকে, তাকে مخصوص بالمدح (প্রশংসিত ব্যক্তি বা বস্তু) বা مخصوص بالذم নিন্দনীয় ব্যক্তি বা বস্তু বলে।

প্রশ্ন ঃ افعال مدح وذم এর فاعل কয়টি অবস্থা?

উত্তর ঃ افعال مدح ও افعال ذم এর ফায়েলের তিনটি অবস্থা।

(১) فاعل টি হয়তো معرف باللام হবে। যেমন ঃ

نِعْمَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ খুব ভাল লোক)

(২) অথবা فاعل টি معرف باللام এর দিকে مضاف হবে। যেমন ঃ

نِعْمَ صَاحِبُ الْقَوْمِ زَيْدٌ (যায়েদ দলের কত ভাল সঙ্গী)

(৩) অথবা فاعل টি ضمير مستتر (অপ্রকাশ্য সর্বনাম) হবে এবং এর তমিজ যবরবিশিষ্ট ইসমে নাকারাহ হবে। যেমন ঃ

نِعْمَ رَجُلاً زَيْدٌ (যায়েদ পুরুষ হিসেবে খুবই ভাল লোক)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৩ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

এখানে نعم এর ফায়েল هو যমীরটি লুকায়িত আছে এবং رجلا শব্দটি (যবর বিশিষ্ট ইসমে নাকারা) এর তমিজ।

প্রশ্ন ঃ حبذا এর فاعل এর ব্যবহার পদ্ধতি কি?

উত্তর ঃ حَبَّذَا এর فاعل এর ব্যবহার উপরোক্ত নিয়মের ব্যতিক্রম। কেননা, حَبَّ এর ফায়েল ذَا শব্দটি حَبَّ এর সাথে মিলিতভাবে ব্যবহৃত হয়। حَبَّذَا زَيْدٌ বাক্যে حَبَّ ফেয়েলে মাদাহ। ذَا শব্দটি ফায়েলে মাদাহ زَيْدٌ মাখছুছ বিল মাদাহ।

প্রশ্ন ঃ افعال مدح وذم কি আমল করে?

উত্তর ঃ افعال مدح وذم তার فاعل কে رفع দেয়। যেমন ঃ

(١) نِعْمَ التِّلْمِيذُ أَنْتَ (٢) بِئْسَ التَّاجِرُ مَاجِدٌ

(٣) سَاءَ الرَّجُلُ زَيْدٌ (٤) حَبَّذَا زَيْدٌ

প্রশ্ন ঃ نِعْمَ الرَّجُلُ زَيْدٌ –এধরণের বাক্যের তারকীব কিভাবে হবে?

উত্তর ঃ نِعْمَ الرَّجُلُ زَيْدٌ –এধরণের বাক্যের তারকীব দুভাবে হতে পারে।

(১) نِعْمَ শব্দটি ফে'লে মাদাহ, اَلرَّجُلُ তার ফায়েল, ফেল ও ফায়েল মিলে জুমলায়ে ফেলিয়াহ। هُوَ যমীরটি উহ্য রয়েছে। যা مبتدا এবং زَيْدٌ মাখছুছ বিল মাদাহ তার খবর । মুবতাদা ও খবর মিলে جمله اسمية হল। এভাবে তারকীব করলে এখানে দু'টি জুমলা হবে।

(২) نِعْمَ الرَّجُلُ জুমলায়ে ফেলিয়্যাহ হওয়ার পর খবরে মুকাদ্দাম এবং زَيْدٌ তার মুবতাদা মুয়াখখার। মুবতাদা ও খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ। এভাবে তারকীব করলে একটি জুমলা হয়।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৩ ও ১৪৪ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

সপ্তম পরিচ্ছেদ

افعال تعجب (আশ্চর্যবোধক ক্রিয়া)

প্রশ্ন ঃ فعل تعجب কাকে বলে?

উত্তর ঃ কোন গুণ বা وصف সম্পর্কে বিস্ময় প্রকাশক فعل কে فعل تعجب বলা হয়।

প্রশ্ন ঃ افعال تعجب এর ওযন কয়টি ও কি কি?

উত্তর ঃ افعال تعجب এর দুইটি ছীগা ثلاثى مجرد এর যে কোন মাছদার থেকে নিম্নলিখিত ওযনে গঠিত হয়।

(১) مَا اَفْعَلَهُ যেমন ঃ مَا اَحْسَنَ زَيْدًا (যায়েদ কত সুন্দর)। এই বাক্যটির মূল রূপ হচ্ছে اَيُّ شَيْئٍ اَحْسَنَ زَيْدًا

(কি জিনিষ যায়েদকে এত সুন্দর বানালো)

এখানে مَا শব্দটি اَيُّ شَيْئٍ (কোনবস্তু) এর অর্থে ব্যবহৃত হয়েছে এবং মুবতাদা হিসাবে رفع এর স্থলে হয়েছে আর اَحْسَنَ শব্দটি মুবতাদার 'খবর' হিসাবে رفع এর স্থলে হয়েছে এবং اَحْسَنَ ফেলে মাযীর ফায়েল ضمير هُوَ যা ফেলটিতে লুকায়িত আছে এবং زَيْدًا শব্দটি مفعول به

(২) افعل به যেমন ঃ اَحْسِنْ بِزَيْدٍ (যায়েদ কি চমৎকার!) এখানে اَحْسِنْ শব্দটি যদিও امر এর ছীগা তা সত্ত্বেও খবর এর (মাযীর) অর্থে ব্যবহৃত হয়েছে। এ বাক্যটির গোপনীয় রূপ হবে اَحْسَنَ زَيْدٌ অর্থাৎ صَارَ ذَا حُسْنٍ (যায়েদ কি সুন্দর!) এখানে ب হরফটি যায়েদা বা অতিরিক্ত।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৪ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

অনুশীলনী -১

নীচের প্রতিটি فعل ناقص এর اعراب চিহ্নিত কর।

كُوْنُوْا حِجَارَةً اَوْ حَدِيْدًا - مَا زَالَ الْحَرُّ شَدِيْدًا - يَصِيْرُ الْاَوَّلُ اَخِيْرًا - لَا يَبِيْتُ الْكَلْبُ نَائِمًا - مَا فَتِئَ التَّاجِرُ صَادِقًا -

অনুশীলনী -২

নিম্নলিখিত বাক্যগুলির মধ্য হতে افعال مقاربه এর ইসম এবং খবর চিহ্নিত কর।

كَادَتِ الشَّمْسُ تَغِيْبُ - كَرُبَ الْمَاءُ يَجْمُدُ - اَوْشَكَ الْمَاءُ اَنْ يَنْفَدَ - يُوْشِكُ الْمَرِيْضُ اَنْ يَبْرَاَ - عَسٰى رَبُّكُمْ اَنْ يَّرْحَمَكُمْ .

অনুশীলনী -৩

নিম্নলিখিত বাক্যগুলিতে افعال مدح وذم -এর فاعل -এর ব্যবহার পদ্ধতি বর্ণনা কর।

نِعْمَ الْمُعَلِّمُ اَنْتَ - نِعْمَ صَدِيْقُ الْمَرْءِ الْكِتَابُ - نِعْمَ وَطَنًا بَنْغْلَادِيْش - بِئْسَ خُلُقُ الْمَرْءِ النِّفَاقُ - بِئْسَ التَّاجِرُ مَاجِدٌ - بِئْسَ خُلُقًا الْكِذْبُ - سَاءَ الرَّجُلُ تَارِكُ الصَّلٰوةِ -

অনুশীলনী -৪

নীচের মাছদারগুলো দ্বারা افعال تعجب -এর ছীগা গঠন কর।

اَلنَّصْرُ - اَلضَّرْبُ - اَلسَّمْعُ - اَلطَّلَبُ . اَلْحُسْنُ . اَلْكَمَالُ . اَلْحُلْوُّ

www.islamijindegi.com

তৃতীয় অধ্যায়

اسمائے عاملہ

আমলকারী ইসমসমূহের বর্ণনা

প্রশ্ন ঃ مرفوع কাকে বলে এবং اسم مرفوع কত প্রকার ও কি কি?

উত্তর ঃ مرفوع ঐ اسم কে বলে যার শেষে علامت رفع পাওয়া যায়।

اسم مرفوع মোট আট প্রকার

(১) فاعل (২) مفعول ما لم يسم فاعله (৩) مبتدأ

(৪) خبر المبتدأ (৫) خبر إن وأخواتها (৬) اسم كان واخواتها

(৭) خبر لا لنفى الجنس (৮) اسم ما ولا المشبهتان بليس

প্রশ্ন ঃ منصوب কাকে বলে এবং اسم منصوب মোট কত প্রকার?

উত্তর ঃ منصوب ঐ اسم কে বলে যার শেষে علامت نصب পাওয়া যায়।

اسم منصوب মোট ১২ প্রকার।

(১) مفعول مطلق (২) مفعول به (৩) مفعول له (৪) مفعول معه

(৫) مفعول فيه (৬) حال (৭) تميز (৮) مستثنى

(৯) اسم إن واخواتها (১০) خبر كان واخواتها (১১) اسم لا لنفي الجنس

(১২) خبر ما ولا بمعنى ليس

প্রশ্ন ঃ مجرور কাকে বলে এবং উহা কত প্রকার ও কি কি?

উত্তর ঃ যে اسم এর শেষে جر এর আলামত পাওয়া যায় তাকে مجرور বলে।

مجرورات মোট ২টি।

(১) مضاف اليه (২) مجرور বা যার শুরুতে حرف جر আসে

প্রশ্ন ঃ رفع কয়টি জিনিষ দ্বারা হয় এবং কি কি?

উত্তর ঃ رفع ৫টি জিনিষ দ্বারা হয়।

www.islamijindegi.com

جَاءَنِيْ زَيْدٌ দ্বারা হয় যেমন ঃ ضمه لفظي (১) কখনো رفع

جَاءَنِيْ مُوْسٰى ,, ,, যেমন ঃ ضمه تقديري (২) ,, رفع

جَاءَنِيْ مُسْلِمُوْنَ ,, ,, যেমন ঃ واو لفظي (৩) ,, رفع

جَاءَنِيْ مُسْلِمِيَّ ,, ,, যেমন ঃ واو تقديري (৪) ,, رفع

جَاءَنِيْ رَجُلَانِ ,, ,, যেমন ঃ الف (৫) ,, رفع

প্রশ্ন ঃ نصب কয়টি জিনিষ দ্বারা হয় এবং কি কি?

উত্তর ঃ نصب ৬ টি জিনিষ দ্বারা হয়।

رَأَيْتُ زَيْدًا দ্বারা হয় যেমন ঃ فتحه لفظي (১) কখনো نصب

رَأَيْتُ مُوْسٰى ,, ,, ,, فتحه تقديري (২) ,, نصب

رَأَيْتُ أَبَاكَ ,, ,, ,, الف (৩) ,, نصب

رَأَيْتُ مُسْلِمَاتٍ ,, ,, ,, كسره (৪) ,, نصب

رَأَيْتُ رَجُلَيْنِ ,, ,, ,, ياء ما قبل مفتوح (৫) ,, نصب

رَأَيْتُ مُسْلِمِيْنَ ,, ,, ,, ياء ما قبل مكسور (৬) ,, نصب

প্রশ্ন ঃ جر কয়টি জিনিষ দ্বারা হয় এবং কি কি?

উত্তর ঃ جر ৫ টি জিনিষ দ্বারা হয়।

مَرَرْتُ بِزَيْدٍ দ্বারা হয় যেমন ঃ كسره لفظي (১) কখনো جر

مَرَرْتُ بِمُوْسٰى ,, ,, ,, كسره تقديري (২) ,, جر

مَرَرْتُ بِعُمَرَ ,, ,, ,, فتحه (৩) ,, جر

مَرَرْتُ بِرَجُلَيْنِ ,, ,, ,, ياء ما قبل مفتوح (৪) ,, جر

مَرَرْتُ بِأَبِيْكَ ,, ,, ,, ياء ما قبل مكسور (৫) ,, جر

প্রশ্ন ঃ আমলকারী ইসমসমূহ কত প্রকার ও কি কি?

উত্তর ঃ আমলকারী ইসমসমূহ মোট ১১ প্রকার

(১) اسمائے افعال بمعنى فعل ماضى (২) اسماء شرطيه بمعنى ان

(৩) اسم مفعول (৪) اسم فاعل (৫) اسمائے افعال بمعنى امر حاضر

(৬) صفت مشبه (৭) اسم تفضيل (৮) اسم مصدر

(৯) اسم مضاف (১০) اسم تام (১১) اسمائے كنايات

www.islamijindegi.com

প্রথম প্রকার

اسماء شرطيه بمعنى ان

প্রশ্ন ঃ اسمائے شرطية بمعنى اِنْ কয়টি?

উত্তর ঃ اسماء شرطيه بمعنى اِنْ (শর্তের অর্থবোধক اِنْ এর অর্থ প্রদানকারী ইসম সমূহ) এগুলো মোট নয়টি।

প্রশ্ন ঃ اسماء شرطيه بمعنى ان কি আমল করে?

উত্তর ঃ এই ইসমগুলি তার পরবর্তী فعل مضارع কে জযম দেয়। যেমন।

(১) مَنْ تَضْرِبْ اَضْرِبْ (তুমি যাকে মারবে আমিও তাকে মারব)

(২) مَا تَفْعَلْ اَفْعَلْ (তুমি যা করবে আমিও তাই করব)

(৩) اَيْنَ تَجْلِسْ اَجْلِسْ (তুমি যেখানে দাঁড়াবে আমিও সেখানে দাঁড়াব)

(৪) مَتٰى تَقُمْ اَقُمْ (তুমি যখন দাঁড়াবে আমিও তখন দাঁড়াব)

(৫) اَيَّ شَيْئٍ تَأْكُلْ اٰكُلْ (তুমি যা খাবে আমিও তা খাব)

(৬) اَنّٰى تَكْتُبْ اَكْتُبْ (তুমি যখন লিখবে আমিও তখন লিখব)

(৭) اِذْ مَا تُسَافِرْ اُسَافِرْ (তুমি যখন সফর করবে আমিও তখন সফর করব)

(৮) حَيْثُمَا تَقْصُدْ اَقْصُدْ

(তুমি যে জায়গা ইচ্ছা করবে আমিও সে জায়গার ইচ্ছা করব)

(৯) مَهْمَا تَقْعُدْ اَقْعُدْ (তুমি যেখানে বসবে আমিও সেখানে বসব)

অনুশীলনী

১। فعل مضارع চিহ্নিত কর এবং جزم -এর আলামত উল্লেখ কর।

مَنْ يَّجْتَهِدْ فِى الدِّرَاسَةِ يَنْجَحْ - مَا تُنْفِقْ فِىْ سَبِيْلِ اللّٰهِ تَجِدْهُ عِنْدَ اللّٰهِ - اِذْمَا تَفْعَلْ شَرًّا يَجْلِبْ عَلَيْكَ شَرًّا - اِذْمَا تُسَافِرْ تَكْسِبْ مَالاً - مَهْمَا تَتَعَلَّمْ لاَ تَبْلُغْ نِهَايَةَ الْعِلْمِ - مَتٰى يُسَافِرْ زَيْدٌ اُسَافِرْ مَعَهُ - اَيَّ كِتَابٍ تَقْرَأْ اَقْرَأْ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৪ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

দ্বিতীয় প্রকার
اسمائے افعال بمعنی ماضی

প্রশ্ন ঃ اسم فعل কাকে বলে?

উত্তর ঃ اسم فعل এমন কালিমা বা ওযন যা কাঠামোর দিক থেকে اسم হলেও فعل এর অর্থ প্রদান করে।

প্রশ্ন ঃ কালের দিক থেকে أسمائے افعال কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ কালের দিক থেকে أسمائے افعال দুই প্রকার।

(১) ماضي এর অর্থ প্রকাশক। যেমন ঃ هَيْهَاتَ (দূর হয়েছে) شَتَّانَ (পৃথক হয়েছে) سَرْعَانَ (তাড়াতাড়ি করেছে)।

(২) امر এর অর্থ প্রকাশক। যেমনঃ رُوَيْدَ (অবকাশ দাও) بَلْهَ (বর্জন কর) حَيَّهَلْ (আস) عَلَيْكَ (ধর) دُوْنَكَ (ধর) هَا (ধর)।

প্রশ্ন ঃ أسمائے افعال بمعنی ماضي কি আমল করে?

উত্তর ঃ أسمائے افعال بمعنی ماضي তার পরবর্তী ইসমকে ফায়েল হিসাবে 'রফা' দেয় যেমন ঃ هَيْهَاتَ يَوْمُ الْعِيْدِ (ঈদের দিন দূরবর্তী হয়েছে)

তৃতীয় প্রকার
اسمائے افعال بمعنی امر حاضر

প্রশ্ন ঃ اسمائے افعال بمعنی امر حاضر কি আমল করে?

উত্তর ঃ এই ইস্মগুলি তার পরবর্তী ইসমকে মাফউল হিসাবে نصب দেয়।

যেমনঃ رُوَيْدَ زَيْدًا (তুমি যায়েদকে অবকাশ দাও)

অনুশীলনী

১। নীচের বাক্যগুলো اسمائے افعال -এর আমল বর্ণনা কর।

هَيْهَاتَ نَجَاةُ الْمُشْرِكِيْنَ - شَتَّانَ جَمَاعَةُ الْمُنَافِقِيْنَ .

دُوْنَكَ الْكِتَابَ - عَلَيْكَ السُّنَّةَ . حَيَّهَلِ الصَّلٰوةَ .

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৪ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

চতুর্থ প্রকার
اسم فاعل (কারক বিশেষ্য)

প্রশ্ন ঃ اسم فاعل কাকে বলে?

উত্তর ঃ اسم فاعل এমন একটি اسم কে বলে, যা ফে'ল থেকে গঠিত হয় এবং এমন অর্থ বুঝায় যে, উক্ত ফে'ল তার দ্বারা সংঘটিত হয়েছে। যেমনঃ ضَارِبٌ (প্রহারকারী) এটা দ্বারা এমন একটি ব্যক্তিকে বুঝানো হয়েছে, যার দ্বারা প্রহার সংঘটিত হয়েছে।

প্রশ্ন ঃ اسم فاعل কি আমল করে?

উত্তর ঃ اسم فاعل দুইটি শর্ত সাপেক্ষে তার নিজ ফে'ল (ফে'লে মারূফ) এর মত আমল করে।

শর্ত দুইটি হলো

(১) ইসমে ফায়েল حال অথবা استقبال এর অর্থে ব্যবহৃত হতে হবে।

(২) ইসমে ফায়েল এর পূর্ববতী ছয়টি শব্দের যে কোন একটির সাথে ই'তেমাদ বা গভীর সম্পর্ক থাকতে হবে। পূর্ববর্তী শব্দটি–

✪ হয়তো مبتدا হবে এবং ইসমে ফায়েলটি তার খবর হবে। যেমনঃ

ফে'লে লাযেম ঃ زَيْدٌ قَائِمٌ اَبُوْهُ (যায়েদের পিতা দন্ডায়মান)

ফেলে মুতাআদ্দী ঃ زَيْدٌ ضَارِبٌ اَبُوْهُ عَمْرًا

(যায়েদের পিতা আমরকে মারছে)

✪ অথবা موصوف হবে এবং اسم فاعل তার 'ছিফাত' হবে। যেমনঃ

ফে'লে লাযেম ঃ مَرَرْتُ بِرَجُلٍ قَائِمٍ اَبُوْهُ

ফে'লে মুতাআদ্দি ঃ مَرَرْتُ بِرَجُلٍ ضَارِبٍ اَبُوْهُ بَكْرًا

(আমি এমন ব্যক্তির সাথে অতিক্রম করেছি যার পিতা বকরের প্রহারকারী)

✪ অথবা موصول হবে এবং اسم فاعل তার 'ছিলা' হবে। যেমনঃ

(ফে'লে লাযেম) جَاءَنِى الْقَائِمُ اَبُوْهُ

(যার পিতা দন্ডায়মান সে আমার নিকট এসেছে)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৪ ও ১৪৫ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

ফে'লে মুতাআদ্দি ঃ جَاءَنِى الضَّارِبُ اَبُوْهُ عَمْرًا

(যার পিতা আমরকে মারছে সে আমার নিকট এসেছে)

✪ অথবা ذو الحال হবে এবং اسم فاعل তার 'হাল' হবে। যেমনঃ

ফে'লে লাযেম ঃ جَاءَنِىْ زَيْدٌ قَائِمًا غُلَامُهُ (যায়েদ আমার নিকট এমন অবস্থায় এসেছে যে তার গোলাম দন্ডায়মান)

ফে'লে মুতাআদ্দি ঃ جَاءَنِىْ زَيْدٌ رَاكِبًا غُلَامُهُ فَرَسًا (যায়েদ আমার নিকট এমন অবস্থায় এসেছে যে তার গোলাম ঘোড়ায় আরোহন করেছে)

✪ অথবা همزه استفهام হবে। যেমনঃ

ফে'লে লাযেম ঃ اَقَائِمٌ زَيْدٌ (যায়েদ কি দাঁড়াচ্ছে?)

ফে'লে মুতাআদ্দি ঃ اَضَارِبٌ زَيْدٌ عَمْرًا (যায়েদ কি আমরকে মারছে?)

✪ অথবা حرف نفى হবে। যেমনঃ

ফে'লে লাযেম ঃ مَا قَائِمٌ زَيْدٌ (যায়েদ দাঁড়াচ্ছে না)

ফে'লে মুতাআদ্দি ঃ مَا ضَارِبٌ زَيْدٌ عَمْرًا

(যায়েদ আমরকে প্রহার করছে না)

قَامَ এবং ضَرَبَ যে আমল করে قَائِمٌ এবং ضَارِبٌ ও সে আমলই করবে।

পঞ্চম প্রকার

اسم مفعول (কর্মকারক বিশেষ্য)

প্রশ্ন ঃ اسم مفعول (কাকে বলে?

উত্তর ঃ اسم مفعول এমন একটি اسم কে বলে, যা কোন ফে'ল হতে গঠিত হয় এবং যা থেকে এমন অর্থ বুঝায় যে, উক্ত কাজ তার উপর পতিত হয়েছে। যেমন ঃ مَضْرُوْبٌ (প্রহারকৃত ব্যক্তি)

প্রশ্ন ঃ اسم مفعول কি আমল করে?

উত্তর ঃ ইসমে মাফউলও ইসমে ফায়েল-এর মত দুইটি শর্ত সাপেক্ষে তার নিজ ফে'ল (ফেলে মাজহুল) এর মত আমল করে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৪ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

শর্ত দুইটি হলো ঃ

(১) ইসমে মাফউল حال অথবা استقبال এর অর্থে ব্যবহৃত হতে হবে।

(২) (ইসমে ফায়েলে উল্লেখিত) ছয়টি শব্দের যে কোন একটির সাথে اسم مفعول এর এ'তেমাদ বা গভীর সম্পর্ক থাকতে হবে।

প্রশ্ন ঃ اسم مفعول এর মোট কতটি উদাহরণ হয় এবং কিভাবে হয়?

উত্তর ঃ ইসমে মাফউল যেহেতু ফে'লে মুতাআদ্দি হতে গঠিত হয় এবং ফে'লে মুতাআদ্দি চার প্রকার, সেহেতু ইসমে মাফউলও চার প্রকার। এ চার প্রকার ইছমে মাফউল এর পূর্বে উপরোক্ত ছয় প্রকার শব্দ থাকবে। অতএব মোট উদাহরণ হবে(৪ × ৬) = ২৪টি

নিম্নে ইসমে মাফউল-এর উদাহরণ উল্লেখ করা হলো ঃ

পূর্বোল্লিখিত শব্দ	متعدی بیک مفعول মুতাআদ্দি (১)	متعدی بدو مفعول মুতাআদ্দি (২)	متعدی بدو مفعول মুতাআদ্দি (৩)	متعدی بسه مفعول মুতাআদ্দি (৪)
مبتدا মুবতাদা	زَيْدٌ مَضْرُوْبٌ اَبُوْهُ	زَيْدٌ مُعْطًى غُلَامُهُ دِرْهَمًا	زَيْدٌ مَعْلُوْمٌ اِبْنُهُ فَاضِلًا	زَيْدٌ مُخْبَرٌ اِبْنُهُ عَمْرًا فَاضِلًا
موصوف মাওসুফ	مَرَرْتُ بِرَجُلٍ مَضْرُوْبٍ اَبُوْهُ	مَرَرْتُ بِرَجُلٍ مُعْطًى غُلَامُهُ دِرْهَمًا	مَرَرْتُ بِرَجُلٍ مَعْلُوْمٍ اِبْنُهُ فَاضِلًا	مَرَرْتُ بِرَجُلٍ مُخْبَرٍ اِبْنُهُ عَمْرًا فَاضِلًا
موصول মাওসুল	جَاءَنِي الْمَضْرُوْبُ اَبُوْهُ	جَاءَنِي الْمُعْطَى غُلَامُهُ دِرْهَمًا	جَاءَنِي الْمَعْلُوْمُ اِبْنُهُ فَاضِلًا	جَاءَنِي الْمُخْبَرُ اِبْنُهُ عَمْرًا فَاضِلًا
ذوالحال যুলহাল	جَاءَنِيْ زَيْدٌ مَضْرُوْبًا اَبُوْهُ	جَاءَنِيْ زَيْدٌ مُعْطًى غُلَامُهُ دِرْهَمًا	جَاءَنِيْ زَيْدٌ مَعْلُوْمًا اِبْنُهُ فَاضِلًا	جَاءَنِيْ زَيْدٌ مُخْبَرًا اِبْنُهُ عَمْرًا فَاضِلًا
همزهٔ استفهام হামযায়ে ইস্তিফাম	اَمَضْرُوْبٌ زَيْدٌ	اَمُعْطًى زَيْدٌ دِرْهَمًا	اَمَعْلُوْمٌ زَيْدٌ فَاضِلًا	اَمُخْبَرٌ زَيْدٌ عَمْرًا فَاضِلًا
حرف نفی হরফে নফী	مَامَضْرُوْبٌ زَيْدٌ	مَامُعْطًى زَيْدٌ دِرْهَمًا	مَامَعْلُوْمٌ زَيْدٌ فَاضِلًا	مَامُخْبَرٌ زَيْدٌ عَمْرًا فَاضِلًا

ফায়েদা ঃ যে আমল اَخْبَرَ ও ضَرَبَ - اَعْطٰى - عَلِمَ করে সে আমল مَضْرُوْبٌ - مُعْطًى - مَعْلُوْمٌ ও করবে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৫ ও ১৪৬ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

ষষ্ঠ প্রকার
صفت مشبه (স্থায়ী গুণবাচক বিশেষ্য)

প্রশ্ন ঃ صفت مشبه কাকে বলে?

উত্তর ঃ صفت مشبه এমন একটি اسم কে বলে যার দ্বারা এমন একটি গুণ বুঝাবে, যার মধ্যে مصدر এর অর্থ পাওয়া যায়। যেমন ঃ حَسَنٌ

প্রশ্ন ঃ صفت مشبه ও اسم فاعل -এর মাঝে পার্থক্য কি?

উত্তর ঃ صفت مشبه ও اسم فاعل এর মধ্যে পার্থক্য এই যে, اسم فاعل কোন কিছুর ক্ষণস্থায়ী গুণ বুঝায়। অপরপক্ষে صفت مشبه চিরস্থায়ী গুণ বুঝায়।

প্রশ্ন ঃ صفت مشبه কোন ধরনের فعل থেকে গঠিত হয় এবং তার ওযন কি?

উত্তর ঃ صفت مشبه ফেলে লাযেম থেকে গঠিত হয় এবং এর কোন নির্দিষ্ট ওযন নেই।

প্রশ্ন ঃ صفت مشبه কি আমল করে?

উত্তর ঃ اسم موصول ব্যতীত উপরোল্লেখিত পাঁচটি শব্দের যে কোন একটির উপর এ'তেমাদ করে সিফাতে মুশাব্বাহ তার নিজ ফে'ল (ফে'লে লাযেম)-এর মত আমল করে। যেমনঃ زَيْدٌ حَسَنٌ غُلَامُهُ

(যায়েদের গোলামটি সুন্দর)

حَسُنَ যে আমল করে, حَسَنٌ ঠিক সেই আমলই করবে

সপ্তম প্রকার
اسم تفضيل (তুলনাবোধক বিশেষ্য)

প্রশ্ন ঃ اسم تفضيل কাকে বলে?

উত্তর ঃ যে اسم এমন কথা বুঝায় যে, একটি গুণ দুটি বস্তুর মধ্যে বিদ্যমান, তবে একটিতে বেশী অপরটিতে কম, সেই اسم কে اسم تفضيل বলে। সেই গুণ যার মধ্যে কম হয় তাকে مفضل عليه বলে।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৬ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ اسم تفضيل কি আমল করে?

উত্তর ঃ اسم تفضيل তার ফায়েল এর মধ্যে আমল করে এবং তার ফায়েল সর্বদা জমীর হয়। এখানে هُوَ উহ্য যমীরটি افضل এর ফায়েল।

প্রশ্ন ঃ اسم تفضيل এর ব্যবহার পদ্ধতি কয়টি ও কি কি?

উত্তর ঃ اسم تفضيل এর ব্যবহার পদ্ধতি মোট তিনটি।

(১) اسم تفضيل এর মাধ্যমে ব্যবহৃত হবে। যেমন ঃ
زَيْدٌ اَفْضَلُ مِنْ عَمْرٍو (যায়েদ আমর অপেক্ষা উত্তম)

(২) اسم تفضيل এর শুরুতে ال যোগ হবে। যেমনঃ
جَاءَنِىْ زَيْدٌ الْاَفْضَلُ (আমার নিকট উত্তম যায়েদ এসেছে)

(৩) اسم تفضيل টি اضافت হবে। যেমনঃ
زَيْدٌ اَفْضَلُ الْقَوْمِ (যায়েদ কওমের মধ্যে সর্বাপেক্ষা উত্তম)।

অষ্টম প্রকার
مصدر (ক্রিয়ামূল)

প্রশ্ন ঃ مصدر আমল করার শর্ত কি?

উত্তর ঃ مصدر আমল করার জন্য শর্ত হলো যে,মাছদার مفعول مطلق হতে পারবে না।

প্রশ্ন ঃ مصدر কি আমল করে?

উত্তর ঃ مصدر তার নিজ ফে'ল-এর মত আমল করে। যেমন ঃ
اَعْجَبَنِىْ ضَرْبُ زَيْدٍ عَمْرًا (আমরকে যায়েদের প্রহার করা আমাকে আশ্চার্যান্বিত করেছে)

প্রশ্ন ঃ مصدر কয় অবস্থায় আমল করে?

উত্তর ঃ مصدر তিন অবস্থায় আমল করে।

(১) مضاف (২) تنوين (৩) معرف باللام

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৬ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

নবম প্রকার
اسم مضاف

প্রশ্ন ঃ মুযাফ কি আমল করে?

উত্তর ঃ مضاف তার مضاف اليه কে جر দেয়। যেমন ঃ جَاءَ نِىْ غُلَامُ زَيْدٍ (আমার নিকট যায়েদের গোলাম এসেছে)

প্রশ্ন ঃ مضاف ও مضاف اليه এর মধ্যে কয়টি হরফের অর্থ পাওয়া যায়?

উত্তর ঃ اضافت এর মধ্যে তিনটি حرف এর যে কোন একটির অর্থ তাতে পাওয়া যায়। যেমনঃ

(ক) مضاف কে যদি مضاف اليه হতে 'বানানো'র অর্থ হয়, তাহলে সেখানে مِنْ এর অর্থ পাওয়া যায়। যেমনঃ خَاتَمُ فِضَّةٍ মূলতঃ خَاتَمٌ مِنْ فِضَّةٍ ছিল।

(খ) مضاف اليه যদি مضاف এর জন্য ظرف হয়, তাহলে সেখানে فِىْ এর অর্থ পাওয়া যায়। যেমন ঃ صَلٰوةُ الْجُمُعَةِ মূলতঃ ছিল صَلٰوةٌ فِى الْجُمُعَةِ

(গ) এ দুটি জায়গা ছাড়া সব স্থানেই ل এর অর্থ গোপন থাকে। যেমন غُلَامُ زَيْدٍ এটা মূলতঃ غُلَامٌ لِزَيْدٍ ছিল। এটা মূলতঃ جَاءَ نِىْ غُلَامٌ لِزَيْدٍ ছিল। এখানে لام কে حذف করা হয়েছে।

দশম প্রকার
اسم تام (পরিপূরক বা পূর্ণাঙ্গ বিশেষ্য)

প্রশ্ন ঃ اسم تام কাকে বলে?

উত্তর ঃ যখন ইস্‌ম এমন অবস্থায় থাকে যে, তা এখন কোন দিকে مضاف হতে পারে না, সেই اسم কে اسم تام বলে।

প্রশ্ন ঃ اسم تام কি আমল করে?

উত্তর ঃ ইসমে তাম তার পরবর্তী ইস্‌মকে তামীয হিসেরে নছব দেয়।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৬ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ কয়টি জিনিষ দ্বারা اسم পূর্ণাঙ্গ বা تام হয়?

উত্তর ঃ

(১) ইস্‌ম হয়তো تنوين দ্বারা তাম (পূর্ণাঙ্গ) হয়। যেমনঃ

مَا فِى السَّمَاءِ قَدْرُ رَاحَةٍ سَحَابًا

(আকাশে হাতের তালু পরিমাণও মেঘ নেই)

(২) ইসম হয়তো تنوين تقديرى দ্বারা তাম (পূর্ণাঙ্গ) হয়। যেমন ঃ

عِنْدِىْ اَحَدَ عَشَرَ رَجُلًا (আমার নিকট এগারো জন লোক আছে)

(৩) ইস্‌ম হয়তো نون تثنيه দ্বারা তাম (পূর্ণাঙ্গ) হয়। যেমন ঃ

عِنْدِىْ قَفِيْزَانِ بُرًّا (আমার নিকট দুই কফীয গম আছে)

(৪) ইস্‌ম হয়তো نون جمع দ্বারা তাম (পূর্ণাঙ্গ) হয়। যেমন ঃ

هَلْ نُنَبِّئُكُمْ بِالْاَخْسَرِيْنَ اَعْمَالًا (তোমাদেরকে সে সকল লোকজনের সংবাদ দিব কি যারা আমলের দিক থেকে অতি ক্ষতিগ্রস্ত?)

(৫) ইস্‌ম হয়তো مشابه نون جمع দ্বারা তাম (পূর্ণাঙ্গ) হয়। যেমন ঃ

عِنْدِىْ عِشْرُوْنَ دِرْهَمًا (আমার নিকট বিশটি দিরহাম আছে)

(৬) ইস্‌ম হয়তো اضافت দ্বারা তাম (পূর্ণাঙ্গ) হয়। যেমন ঃ

عِنْدِىْ مِلْؤُهُ عَسَلًا (আমার নিকট এই পাত্র ভর্তি মধু আছে)

একাদশতম প্রকার
اسمائے كنايات

প্রশ্ন ঃ اسمائے كنايات কয়টি ও কি কি?

উত্তর ঃ اسمائے كنايات দুইটি। (১) كَمْ (২) كَذَا

প্রশ্ন ঃ كَمْ কত প্রকার ও কি কি?

উত্তর ঃ كَمْ দুই প্রকার। (১) كم استفاميه (২) كم خبريه

প্রশ্ন ঃ كم استفاميه ও كم خبريه কাকে বলে?

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৬ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

উত্তর ঃ ✪ كم استفهاميه এমন كم কে বলে যা দ্বারা কোন প্রশ্ন জিজ্ঞাসা করা হয়। যেমনঃ كَمْ دِرْهَمًا عِنْدَكَ (তোমার নিকট কত টাকা আছে?)

✪ كم خبريه এমন একটি كَمْ কে বলে যা শুধুমাত্র সংবাদ দানের অর্থে ব্যবহৃত হয়। যেমনঃ كَمْ مَالٍ اَنْفَقْتُ (কত মাল খরচ করলাম)

প্রশ্ন ঃ كم استفهاميه ও كذا কি আমল করে?

উত্তর ঃ كم استفهاميه এবং كَذَا তার পরবর্তী ইসিমকে তামীয হিসাবে نصب দেয়। যেমন ঃ

كَمْ رَجُلاً عِنْدَكَ (তোমার নিকট কতজন পুরুষ আছে?)

عِنْدِىْ كَذَا دِرْهَمًا (আমার নিকট এত দিরহাম আছে।)

প্রশ্ন ঃ كم خبريه কি আমল করে?

উত্তর ঃ كم خبريه তামীযকে যের দেয়। যেমন ঃ

كَمْ مَالٍ اَنْفَقْتُ (আমি অনেক মাল খরচ করেছি)

كَمْ دَارٍ بَنَيْتُ (আমি অনেক ঘর তৈরি করেছি)

ফায়েদা ঃ كم خبريه এর পরে কখনো مِنْ (হরফে জর) আসে। যেমন ঃ كَمْ مِنْ مَلَكٍ فِى السَّمٰوَاتِ (আকাশে অনেক ফেরেশতা আছে।)

দ্বিতীয় প্রকার
عامل معنوى এর বর্ণনা

প্রশ্ন ঃ عامل معنوي কয়টি ও কি কি?

উত্তর ঃ عامل معنوى মোট দুইটি।

(১) ابتداء অর্থাৎ عامل لفظى (বা প্রকাশ্য আমেল) থেকে খালি হওয়া (একে 'আমেলে এবতেদা'ও বলে) তখন তা مبتدأ ও خبر উভয়টিকে رفع দেয়। যেমন ঃ زَيْدٌ قَائِمٌ ।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৭ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

এ সম্পর্কে আরো দু'টি অভিমত আছে।

(ক) 'মুবতাদা' এর মধ্যে عامل ابتداء 'রফা' দেয়, এবং 'খবর' এর মধ্যে মুবতাদা 'রফা' দেয়।

(খ) 'মুবতাদা' 'খবর' কে 'রফা' দেয় এবং 'খবর' মুবতাদা কে 'রফা' দেয়।

(২) فعل مضارع আমেলে নাছেব এবং عامل جازم থেকে খালি হওয়া। তখন فعل مضارع মারফু হয়। যেমনঃ زَيْدٌ يَضْرِبُ বাক্যে يَضْرِبُ শব্দটিতে 'রফা' হয়েছে। কেননা এখানে عامل ناصب এবং عامل جازم নাই।

প্রশ্ন ঃ مبتدأ ও خبر এর মাঝে কয়টি বিষয়ে مطابقت (সমতা) জরুরী?

উত্তর ঃ خبر যদি اسم فاعل – اسم مفعول – اسم مبالغة – صفت مشبه এর এর কোন ছীগা হয়, তাহলে পাঁচটি বিষয়ে مبتدأ ও خبر এর মাঝে مطابقت জরুরী।

(১) 'মুবতাদা' একবচন হলে 'খবর'ও একবচন হবে। যেমন ঃ

اَلرَّجُلُ قَائِمٌ (বেলাল একজন শিক্ষক)

(২) 'মুবতাদা' দ্বিবচন হলে 'খবর'ও দ্বিবচন হবে। যেমন ঃ

اَلرَّجُلَانِ قَائِمَانِ (লোক দু'জন দণ্ডায়মান)

(৩) 'মুবতাদা' বহুবচন হলে 'খবর'ও বহুবচন হবে। যেমন ঃ

اَلرِّجَالُ قَائِمُوْنَ (লোক সকল দণ্ডায়মান)

(৪) 'মুবতাদা' مذكر হলে 'খবর'ও مذكر হবে। যেমন ঃ

بِلَالٌ مُعَلِّمٌ (বেলাল একজন শিক্ষক)

(৫) 'মুবতাদা' مؤنث হলে 'খবর'ও مؤنث হবে। যেমন ঃ

عَائِشَةُ مُعَلِّمَةٌ (আয়েশা একজন শিক্ষিকা)

ফায়েদা ঃ خبر যদি اسم جامد হয়, তাহলে উপরোল্লিখিত পাঁচ বিষয়ে مطابقت (সমতা) থাকা জরুরী নয়।

www.islamijindegi.com

॥পরিশিষ্ট॥

পরিশিষ্টে এমন কিছু গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করা হয়েছে যা জানা অত্যন্ত জরুরী। পরিশিষ্টে তিনটি পরিচ্ছেদ রয়েছে।

প্রথম পরিচ্ছেদ ঃ توابع সম্পর্কে।

দ্বিতীয় পরিচ্ছেদ ঃ منصرف و غير منصرف সম্পর্কে।

তৃতীয় পরিচ্ছেদ ঃ حروف غير عاملة সম্পর্কে।

প্রথম পরিচ্ছেদ
توابع বা অনুগামী পদের বর্ণনা

প্রশ্ন ঃ تابع কাকে বলে?

উত্তর ঃ تابع এমন একটি শব্দকে বলে, যা তার পূর্বের শব্দের তুলনায় দ্বিতীয় হয় এবং পূর্বের শব্দে যেই কারণে যে اعراب হয় তাতেও ঠিক সেই কারণে একই اعراب হয়।

প্রশ্ন ঃ تابع এর পূর্বের শব্দকে কি বলে?

উত্তর ঃ تابع এর পূর্বের শব্দকে متبوع বলে।

প্রশ্ন ঃ تابع এর হুকুম কি?

উত্তর ঃ تابع এর পূর্বের শব্দে (মতবু'তে) যেই এ'রাব যে কারণে হবে تابع এর মধ্যেও সেই এ'রাব সে কারণেই হবে।

প্রশ্ন ঃ تابع কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ تابع মোট পাঁচ প্রকার।

(১) صفت (২) تاكيد

(৩) بدل (৪) عطف بحرف

(৫) عطف بيان

www.islamijindegi.com

প্রথম প্রকার

صفت (বিশেষণ)

ফায়েদা ঃ متبوع কে موصوف এবং تابع কে صفت বলে।

প্রশ্ন ঃ صفت কাকে বলে?

উত্তর ঃ صفت ঐ تابع কে বলে, যা متبوع এর ভিতারে বিদ্যমান দোষ. গুণ বা অবস্থা প্রকাশ করে।

প্রশ্ন ঃ صفت কয় প্রকার ও কি কি?

উত্তর ঃ (১) صفت بحال موصوف (২) صفت بحال متعلق موصوف

প্রশ্ন ঃ صفت بحال موصوف কাকে বলে?

উত্তর ঃ صفت بحال موصوف ঐ تابع কে বলে, যা এমন গুণ বা অবস্থা বুঝায় যা স্বয়ং متبوع এর মাঝে বিদ্যমান আছে। যেমন ঃ

جاءني رجل عالم (আমার নিকট যিনি এসেছেন, তিনি আলেম)

هذه زهرة جميلة (এটি সুন্দর ফুল)

প্রশ্ন ঃ صفت بحال موصوف এর صفت ও موصوف এর মাঝে কয়টি জিনিষের মাঝে مطابقت (সমতা) থাকা জরুরী এবং সে গুলো কি কি?

উত্তর ঃ صفت بحال موصوف এর موصوف এবং তার صفت এর মধ্যে দশটি জিনিষের মধ্যে সমতা থাকতে হবে।

এই দশটি জিনিস হলো ঃ

(১) تعريف (২) تنكير (৩) تذكير (৪) تانيث
(৫) افراد (৬) تثنيه (৭) جمع (৮) رفع
(৯) نصب (১০) جر

যেমন ঃ عِنْدِيْ رَجُلٌ عَالِمٌ - ورَجُلَانِ عَالِمَانِ - ورِجَالٌ عَالِمُوْنَ - وامْرَأَةٌ عَالِمَةٌ - وامْرَأَتَانِ عَالِمَتَانِ - ونِسْوَةٌ عَالِمَاتٌ -

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৭ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ صفت بحال متعلق موصوف কাকে বলে?

উত্তর ঃ صفت بحال متعلق موصوف ঐ تابع কে বলে, যা এমন গুণ বা অবস্থা বুঝায় যা متبوع এর সাথে সম্পর্কিত কোন ব্যক্তি বা বস্তুর মাঝে বিদ্যমান আছে। যেমন ঃ جَاءَنِيْ رَجُلٌ حَسَنٌ غُلَامُهُ

(আমার নিকট একলোক আসল যার গোলাম সুন্দর)

প্রশ্ন ঃ صفت بحال متعلق موصوف এর صفت ও موصوف এর মাঝে কয়টি বিষয়ে مطابقت (সমতা) থাকা জরুরী এবং সেগুলো কি কি?

উত্তর ঃ صفت بحال متعلق موصوف এর موصوف এবং তার صفت এর মধ্যে পাঁচটি জিনিষের মধ্যে সমতা থাকতে হবে। এই পাঁচটি জিনিস হলো ঃ

(১) تعريف (২) تنكير (৩) رفع (৪) نصب (৫) جر

যেমন ঃ جَاءَنِيْ رَجُلٌ عَالِمٌ اَبُوْهُ

প্রশ্ন ঃ جمله خبرية কি نكره এর صفت হতে পারে?

উত্তর ঃ جمله خبريه কে نكره এর صفت হিসাবে ব্যবহার করা যায়। তবে শর্ত হল, জুমলার মধ্যে এমন একটি ضمير থাকতে হবে যা موصوف এর দিকে ফিরবে। যেমন ঃ جَاءَنِيْ رَجُلٌ عَالِمٌ اَبُوْهُ

ফায়েদা ঃ معرفه এর صفت জুমলা হতে পারে না।

দ্বিতীয় প্রকার

تاكيد (দৃঢ় করা, জোরদার করা)

প্রশ্ন ঃ تاكيد কাকে বলে?

উত্তর ঃ تاكيد এমন একটি تابع কে বলে, যা হুকুমের সাথে সম্পর্কিত হওয়ার ব্যাপারে অথবা সকল সংখ্যা শামিল হওয়ার ব্যাপারে متبوع এর অবস্থাকে দৃঢ় করে দেয়, যাতে শ্রোতার মনে কোন প্রকার সন্দেহ না থাকে। (متبوع কে موكد এবং تابع কে تاكيد বলে।)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৭ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

প্রশ্ন ঃ تاكيد কত প্রকার ও কি কি?

উত্তর ঃ تاكيد দুই প্রকার। (১) تاكيد لفظى (শাব্দিক তাকীদ
(২) تاكيد معنوى (অর্থগত তাকীদ)

প্রশ্ন ঃ تاكيد لفظي ও تاكيد معنوي কাকে বলে?

উত্তর ঃ ✪ تاكيد لفظى ঃ একই শব্দকে বার বার উল্লেখ করার মাধ্যমে যে তাকীদ হয় তাকে تاكيد لفظى বলে। যেমনঃ

زَيْدٌ زَيْدٌ قَائِمٌ - ضَرَبَ ضَرَبَ زَيْدٌ - اِنَّ اِنَّ زَيْدًا قَائِمٌ

✪ تاكيد معنوى ঃ নির্দিষ্ট কতগুলো শব্দের মাধ্যমে যে তাকীদ হয় তাকে تاكيد معنوى বলে। এই শব্দগুলো হলোঃ

نَفْسٌ - عَيْنٌ - كِلَا - كِلْتَا - اَجْمَعُ - اَكْتَعُ - اَبْتَعُ - اَبْصَعُ

যেমন ঃ جَاءَنِى زَيْدٌ نَفْسُهُ - جَاءَنِى الزَّيْدَانِ اَنْفُسُهُمَا -
جَاءَنِى الزَّيْدُوْنَ اَنْفُسُهُمْ

প্রশ্ন ঃ تاكيد معنوى এর ব্যবহার পদ্ধতি কি?

উত্তর ঃ جَمِيْعٌ - كُلٌّ - كِلْتَا - كِلَا - عَيْنٌ - نَفْسٌ এই শব্দগুলো تاكيد হিসেবে ব্যবহারের জন্য ضمير যুক্ত করা ওয়াজিব। যেমন ঃ

جَاءَنِى الزَّيْدَانِ كِلَاهُمَا. وَالْهِنْدَانِ كِلْتَاهُمَا. جَاءَنِى الْقَوْمُ كُلُّهُمْ

আর اَجْمَعُ - اَكْتَعُ - اَبْتَعُ - اَبْصَعُ এই শব্দগুলো اَجْمَعُ এর তাবে'। اَجْمَعُ এর পরে এগুলো ব্যবহৃত হয়। যেমন ঃ

جَاءَنِى الْقَوْمُ اَجْمَعُوْنَ اَكْتَعُوْنَ وَاَبْتَعُوْنَ وَاَبْصَعُوْنَ .

ফায়েদা ঃ كُلٌّ ও পরবর্তী শব্দগুলি বহুবচন আকারে ব্যবহৃত হয়। তবে كُلٌّ এর পর যমীর পরিবর্তন করতে হয়। اَجْمَعُ - اَكْتَعُ ইত্যাদিতে ছীগা পরিবর্তন করতে হয়। যেমন ঃ

فَسَجَدَ الْمَلٰئِكَةُ كُلُّهُمْ اَجْمَعُوْنَ

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৮ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

তৃতীয় প্রকার
بدل (স্থলাভিষিক্ত)

প্রশ্ন ঃ بدل কাকে বলে?

উত্তর ঃ بدل এমন একটি তাবে'কে বলে, যা বাক্যের نسبت এর ক্ষেত্রে মূল উদ্দেশ্য হয় এবং متبوع বা مبدل منه কে ভূমিকা স্বরূপ আনা হয়। (متبوع কে مبدل منه এবং تابع কে بدل বলা হয়।)

بدل এর প্রকারভেদ

প্রশ্ন ঃ بدل কয় প্রকার ও কি কি? প্রত্যেক প্রকারের সংজ্ঞা দাও।

উত্তর ঃ بدل মোট চার প্রকার। যথাঃ

(১) بدل الكل (২) بدل البعض

(৩) بدل الاشتمال (৪) بدل الغلط

✪ بدل الكل ঃ এমন একটি তাবে'কে বলে, যা مبدل منه এর পূর্ণ অর্থ বুঝায়। যেমন ঃ

جَاءَنِىْ زَيْدٌ اَخُوْكَ (তোমার ভাই যায়েদ আমার নিকট এসেছে)

✪ بدل البعض ঃ এমন একটি তাবে'কে বলে, যা مبدل منه এর আংশিক কোন কিছুকে বুঝায়। যেমন ঃ

ضُرِبَ زَيْدٌ رَأْسُهٗ (যায়েদের মাথায় প্রহার করা হয়েছে)

✪ بدل الاشتمال ঃ এমন একটি তাবে'কে বলে যা مبدل منه এর সাথে সম্পর্কিত কোন কিছুকে বুঝায়। যেমনঃ

سُلِبَ زَيْدٌ ثَوْبُهٗ (যায়েদের কাপড়-চোপড় কেড়ে নেয়া হয়েছে।)

✪ بدل الغلط ঃ এমন তাবে'কে বলে, যা مبدل منه এর ভুল সংশোধন করে। যেমন ঃ

مَرَرْتُ بِرَجُلٍ حِمَارٍ (আমি একজন লোকের সাথে গমন করেছি, আরে না, একটি গাধার সাথে গমন করেছি)

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৮ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

চতুর্থ প্রকার
عطف بحرف (অব্যয় পদযোগে সংযোজন)

প্রশ্ন ঃ عطف بحرف কাকে বলে?

উত্তর ঃ عطف بحرف ঐ তাবে'কে বলে যা হরফে আতফের পরে উল্লেখ হয় এবং তার মাতবু'সহ উভয়ই উদ্দেশ্য হয় যেমন ঃ

جَاءَنِىْ زَيْدٌ وَعَمْرٌو – عطف بحرف কে عطف نسق ও বলা হয়।

প্রশ্ন ঃ معطوف - معطوف عليه এবং حرف عطف কাকে বলে?

উত্তর ঃ حرف عطف এর পূর্বের শব্দকে معطوف عليه , পরের শব্দকে معطوف এবং যে حرف দ্বারা দুই শব্দকে সংযুক্ত করা হয় তাকে حرف عطف বলে।

প্রশ্ন ঃ حرف عطف কয়টি ও কি কি?

উত্তর ঃ حرف عطف দশটি। যথা ঃ

وَاو – فَاء – ثُمَّ – حَتّٰى – اِمَّا – اَوْ – اَمْ – لَا – بَلْ – لٰكِنْ

পঞ্চম প্রকার
عطف بيان (বর্ণনামূলক সংযুক্ত পদ)

প্রশ্ন ঃ عطف بيان কাকে বলে?

উত্তর ঃ عطف بيان এমন একটি তাবে' যা صفت নয়, তবে متبوع এর অবস্থাকে তা স্পষ্ট করে দেয়। যেমনঃ اَقْسَمَ بِاللّٰهِ اَبُوْ حَفْصٍ عُمَرُ (আবু হাফস উমর আল্লাহর নামে শপথ করেছেন)

ফায়েদা (১) নাম, উপনাম বা উপাধির মধ্যে অধিক প্রসিদ্ধটি عطف بيان হয় এবং অপ্রসিদ্ধটি مبين হয়।

(২) নাম তিন প্রকার হতে পারে।

(ক) علم ঃ জন্মের পর পিতা মাতা সন্তানকে যে নাম দ্বারা নামকরণ করে। যেমনঃ عمر

(খ) كنيت ঃ সন্তানের নাম দ্বারা যে নাম হয়। যেমন ঃ ابو حفص

(গ) لقب ঃ কোন গুণের সাথে মিল রেখে যে নাম হয়।

যেমন ঃ عمر فاروق

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৯ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

দ্বিতীয় পরিচ্ছেদ

غير منصرف ও منصرف -এর বর্ণনা

প্রশ্ন ঃ منصرف ও غير منصرف কাকে বলে?

উত্তর ঃ ✪ غير منصرف ঃ যে শব্দে منصرف পড়তে বাধা দানকারী اسباب (কারণসমূহ) হতে যে কোন দু'টি অথবা দু'টির স্থলাভিষিক্ত একটি 'سبب' পাওয়া যায় তাকে غير منصرف বলে।

✪ منصرف ঃ যে শব্দে منصرف পড়তে বাধাদানকারী اسباب (কারণ সমূহ) হতে যে কোন দু'টি অথবা দু'টির স্থলাভিষিক্ত একটি سبب পাওয়া যায় না, তাকে منصرف বলে।

প্রশ্ন ঃ اسباب منع صرف কয়টি ও কি কি?

উত্তর ঃ اسباب منع صرف মোট নয়টি।

(১) عدل (২) وصف (৩) تانيث (৪) معرفه (৫) عجمه

(৬) جمع (৭) تركيب (৮) وزن فعل (৯) الف ونون زائدتان

عُمَرُ এর মধ্যে عدل এবং علم পাওয়া গেছে।

ثُلٰثُ ,, ,, عدل এবং علم পাওয়া গেছে।

طَلْحَةُ ,, ,, تانيث এবং علم পাওয়া গেছে।

زَيْنَبُ ,, ,, تانيث معنوى এবং علم পাওয়া গেছে।

حُبْلٰى ,, ,, الف مقصوره পাওয়া গেছে।

حَمْرَاءُ ,, ,, الف ممدوده পাওয়া গেছে।

اِبْرَاهِيْمُ ,, ,, عجمه এবং علم পাওয়া গেছে।

مَسَاجِدُ ,, ,, جمع منتهى الجموع পাওয়া গেছে।

بَعْلَبَكُّ ,, ,, تركيب এবং علم পাওয়া গেছে।

اَحْمَدُ ,, ,, وزن فعل এবং علم পাওয়া গেছে।

سَكْرَانُ ,, ,, الف ونون زائدتان এবং وصف পাওয়া গেছে।

عُثْمَانُ ,, ,, الف و نون زائدتان এবং علم পাওয়া গেছে।

www.islamijindegi.com

প্রশ্ন ঃ غير منصرف এর হুকুম কি?

উত্তর ঃ غير منصرف এর শেষে কখনো كسره ও تنوين হয় না।

তবে তা যদি মুযাফ হয় অথবা তার শুরুতে যদি الف لام আসে তাহলে كسره হতে পারে। যেমন ঃ مَرَرْتُ بِاَحْمَدِكُمْ ، مَرَرْتُ بِالْاَحْمَدِ

তৃতীয় পরিচ্ছেদ
حروف غير عامله
(আমলহীন অব্যয়সমূহের বর্ণনা)

প্রশ্ন ঃ حروف غير عامله কত প্রকার ও কি কি?

উত্তর ঃ حروف غير عامله মোট ষোল প্রকার। যথা ঃ

প্রথম প্রকার ঃ حروف تنبيه (সর্তর্কীকরণ অব্যয়) মোট তিনটি।

(১) اَلَا (২) اَمَا (৩) هَا

দ্বিতীয় প্রকার ঃ حروف ايجاب (সম্মতিসূচক অব্যয়) মোট ছয়টি।

(১) نَعَمْ (২) بَلٰى (৩) اَجَلْ (৪) جَيْرِ (৫) اِىْ (৬) اِنَّ

তৃতীয় প্রকার ঃ حروف تفسير (ব্যাখ্যাকারক অব্যয়) মোট দুইটি

(১) اَنْ (২) اَىْ যেমন ঃ وَنَادَيْنَاهُ اَنْ يَّآ اِبْرَاهِيْمُ

চতুর্থ প্রকার ঃ حروف مصدريه মোট তিনটি।

(১) اِنْ (২) اَنْ (৩) مَا

এ হরফগুলি ফে'লের পূর্বে এসে ফে'লকে মাছদারের অর্থে পরিণত করে।

পঞ্চম প্রকার ঃ حروف تحضيض (উদ্বুদ্ধকারী অব্যয়) মোট চারটি।

(১) اَلَّا (২) هَلَّا (৩) لَوْ لَا (৪) لَوْمَا

ষষ্ঠ প্রকার ঃ حرف توقع (আশাব্যঞ্জক অব্যয়) একটি। "قَدْ" এ শব্দটি ماضى তে নিশ্চয়তা বা নিকটবর্তী অর্থের জন্য ব্যবহৃত হয় এবং مضارع তে তাকলীলের জন্য ব্যবহৃত হয়।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৯ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

সপ্তম প্রকার ঃ حروف استفهام (প্রশ্নবোধক অব্যয়) মোট তিনটি ঃ

(১) مَا (২) هَمزه (৩) هَلْ

অষ্টম প্রকার ঃ حرف ردع (অস্বীকার সূচক অব্যয়) একটি ।

كَلَّا (কখনো নয়) এটা কখনো নিশ্চয়তার অর্থে ব্যবহৃত হয়।

كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ (তোমরা শীঘ্রই জানতে পারবে)।

নবম প্রকার ঃ تنوين (তানবীন) মোট পাঁচ প্রকার।

(১) تنوين تمكن (اسم متمكن এর শেষে ব্যবহৃত তানবীন) যেমনঃ رَجُلٌ

(২) تنوين تنكير (ইসমকে نكره প্রকাশকারী তানবীন) যেমন ঃ صَهٍ (তানবীন সহ অর্থাৎ যে কোন সময় চুপ থাক আর "صَهْ" (তানবীন বিহীন) এর অর্থ এখনই চুপ কর।

(৩) تنوين عوض (মুযাফ ইলাইহি-এর পরিবর্তে ব্যবহৃত তানবীন) যেমন ঃ يَوْمَئِذٍ এটা মূলত ঃ ছিল يَوْمَ اِذْ كَانَ كَذَا

(৪) تنوين مقابله -(جمع مؤنث سالم এর শেষে ব্যবহৃত তানবীন)। যেমন ঃ مُسْلِمَاتٍ

(৫) تنوين ترنم (কবিতার শেষে ছন্দ মিলানোর জন্য ব্যবহৃত তানবীন)

اَقِلِّى اللَّوْمَ عَاذِلُ وَالْعِتَابَنْ : وَقُوْلِىْ اِنْ اَصَبْتُ لَقَدْ اَصَابَنْ

(হে তিরস্কারকারিনী মহিলা! তিরস্কার আর সমালোচনা কম কর। (আর যদি তিরস্কার করতে চাও) তবে যদি আমি কিছু ঠিকমত করে থাকি তবে বল যে. হ্যাঁ! ঠিকই করেছ)

এ বাক্যে اَلْعِتَابَنْ একটি ইসম এবং اَصَابَنْ একটি ফেয়েল এবং দু'টিতেই তানভীনে তারাননুম ব্যবহৃত হয়েছে।

تنوين ترنم ইসম, ফে'ল হরফ নির্বিশেষে ব্যবহৃত হয়, তবে প্রথম চার প্রকার تنوين শুধুমাত্র ইসমের মাঝে ব্যবহৃত হয়।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৪৯ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

দশম প্রকার ঃ نون تاكيد (নিশ্চয়তাসূচক নূন) এটা فعل مضارع এর মধ্যে ব্যবহৃত হয়। নুনে তাকীদ দুই প্রকার। (১) ثقيله যেমনঃ اِضْرِبَنَّ (২) خفيفه যেমনঃ اِضْرِبَنْ (নিশ্চই প্রহার কর)।

একাদশতম প্রকার ঃ حروف زيادات (অতিরিক্ত হরফ) حروف زيادات মোট আটটি

(১) اِنْ (২) اَنْ (৩) مَا (৪) لَا
(৫) مِنْ (৬) كَافْ (৭) بَاء (৮) لَا مْ

দ্বাদশতম প্রকার ঃ حروف شرط ঃ حروف شرط মোট দুইটি।

(১) اَمَّا (২) لَوْ

اَمَّا হরফটি তাফসীর এর জন্য ব্যবহৃত হয় এবং এর জবাবে একটি فاء আনা ওয়াজিব। যেমন পবিত্র কুরআনের বাণী-

فَمِنْهُمْ شَقِيٌّ وَّسَعِيْدٌ فَاَمَّا الَّذِيْنَ شَقُوْا فَفِى النَّارِ وَاَمَّا الَّذِيْنَ سُعِدُوْا فَفِى الْجَنَّةِ

(অতঃপর তাদের মধ্যে কেউ হতভাগ্য,আর কেউ সৌভাগ্যবান। যারা হতভাগ্য তারা দোযখে যাবে, আর যারা নেককার তার বেহেশতে যাবে।)

প্রথমটি (শর্তটি) না হওয়ার কারণে দ্বিতীয়টি (জাযা) হয়নি একথা বুঝানোর জন্য لَوْ ব্যবহৃত হয়। যেমন ঃ

لَوْ كَانَ فِيْهِمَا اٰلِهَةٌ اِلَّا اللّٰهُ لَفَسَدَتَا

(আসমান ও যমীনে যদি আল্লাহ তা'আলা ব্যতীত আর কোন মা'বুদ থাকতো তবে আসমান যমীন ধ্বংস হয়ে যেতো)।

ত্রয়োদশতম প্রকার ঃ لَوْ لَا ঃ প্রথমটি হওয়ার কারণে দ্বিতীয়টি হয়নি একথা বুঝানোর জন্য لَوْ لَا ব্যবহৃত হয়। যেমনঃ

لَوْلَا عَلِىٌّ لَهَلَكَ عُمَرُ

(যদি আলী (রাযি.) না থাকতেন তবে উমর (রাযি.) ধ্বংস হয়ে যেতেন)

চতুর্দশতম প্রকার ঃ لام مفتوحه (যবর বিশিষ্ট লাম) যেমনঃ لَزَيْدٌ اَفْضَلُ مِنْ عَمْرٍو (নিশ্চয়ই যায়েদ আমর অপেক্ষা উত্তম)।

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৫০ ও ১৫১ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

পঞ্চদশতম প্রকার ঃ مَا এটা مَا دَامَ (যতক্ষণ)-এর অর্থে ব্যবহৃত হয়।
যেমন ঃ اَقُوْمُ مَا جَلَسَ الْاَمِيْرُ
(যতক্ষণ আমীর বসে থাকবে, ততক্ষণ আমি দাঁড়িয়ে থাকব)

ষষ্ঠদশতম প্রকার ঃ حروف عطف (সংযোজক অব্যয়) حروف عطف মোট দশটি।

(১) واو (এবং) (২) فاء (সুতরাং) (৩) ثُمَّ (অতঃপর)
(৪) حَتّٰى (এমনকি) (৫) اِمَّا (কিংবা) (৬) اَوْ (অথবা)
(৭) اَمْ (বা) (৮) لَا (না) (৯) بَلْ (বরং)
(১০) لٰكِنْ (কিন্তু)।

ফায়দা
مستثنى -এর আলোচনা

প্রশ্ন ঃ مستثنى কাকে বলে?

উত্তর ঃ مستثنى এমন একটি শব্দকে বলে যা اِلَّا বা اِلَّا এর সমার্থবোধক শব্দের পরে উল্লেখ হয়, এ কথা বুঝানোর জন্য যে اِلَّا এর পূর্বের শব্দের মধ্যে যে حكم দেয়া হয়েছে, اِلَّا এর পরের শব্দের মধ্যে সেই حكم দেয়া হয় নাই।

প্রশ্ন ঃ اِلَّا এর সামর্থবোধক শব্দ কয়টি ও কি কি?

উত্তর ঃ اِلَّا এর সমার্থবোধক শব্দ মোট ১০টি।

(১) غَيْرَ (২) سِوٰى (৩) سِوَاءَ (৪) حَاشَا (৫) خَلَا
(৬) عَدَا (৭) مَا خَلَا (৮) مَا عَدَا (৯) لَيْسَ (১০) لَا يَكُوْنُ

প্রশ্ন ঃ مستثنى কত প্রকার ও কি কি?

উত্তর ঃ مستثنى দুই প্রকার (১) متصل (২) منقطع

প্রশ্ন ঃ مستثنى متصل কাকে বলে?

উত্তর ঃ مستثنى متصل ঐ مستثنى কে বলে যা পূর্বে مستثنى منه এর অন্তর্ভূক্ত ছিল এবং পরবর্তীতে اِلَّا বা তার সমার্থবোধক শব্দ

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৫১ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

দ্বারা مستثنى منه থেকে বের করা হয়েছে। যেমনঃ

جَاءَنِى الْقَوْمُ اِلاَّ زَيْدًا

(যায়েদ ব্যতীত আমার নিকট কওমের সবাই এসেছে)

এখানে زيد মূলতঃ قوم এর অন্তর্ভূক্ত ছিল।

প্রশ্ন ঃ مستثنى منقطع কাকে বলে?

উত্তর ঃ مستثنى منقطع ঐ مستثنى কে বলে যাকে لا। বা তার সমার্থবোধক শব্দ দ্বারা مستثنى منه থেকে বের করা হয় নাই। কারণ مستثنى টি পূর্বে مستثنى منه এর মধ্যে শামিল ছিল না। যেমনঃ

جَاءَنِى الْقَوْمُ اِلاَّ حِمَارًا (গাধা ব্যতীত আমার নিকট কওমের সবাই এসেছে) এখানে حمار কখনো قوم এর মধ্যে শামিল ছিল না।

প্রশ্ন ঃ استثناء দ্বারা উদ্দেশ্য কি?

উত্তর ঃ استثناء দ্বারা এ কথা বুঝানো উদ্দেশ্য যে, اِلاَّ এর পূর্বের শব্দের মাঝে যে হুকুম দেয়া হয়েছে, اِلاَّ এর পরের শব্দের মাঝে সেই হুকুম দেয়া হয় নাই.

اعراب -এর مستثنى

প্রশ্ন ঃ كلام موجب কাকে বলে?

উত্তর ঃ كلام موجب এমন একটি বাক্যকে বলে যাতে نهى ، نفى ও استفهام নেই।

প্রশ্নঃ مستثنى এর اعراب কত প্রকার ও কি কি?

উত্তর ঃ مستثنى এর اعراب মোট চার প্রকার।

প্রথম প্রকার ঃ পাঁচ জায়গাতে مستثنى মানছুব হয়।

(১) مستثنى যদি لا। এর পর كلام موجب এর মধ্যে উল্লেখ হয়। তাহলে مستثنى সর্বদা منصوب হবে। যেমনঃ

جَاءَنِى الْقَوْمُ اِلاَّ زَيْدًا

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৫১ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

(২) كلام غير موجب এ مستثنى কে যদি مستثنى منه এর উপর مقدم করা হয় অর্থাৎ مستثنى কে পূর্বে উল্লেখ করা হয়, তাহলে مستثنى টি منصوب হবে। যেমন ঃ

مَا جَاءَنِىْ اِلَّا زَيْدًا اَحَدٌ -

(৩) مستثنى যদি منقطع হয়, তাহলে مستثنى টি منصوب হয়। যেমন ঃ جَاءَنِى الْقَوْمُ اِلَّا حِمَارًا

(৪) مستثنى কে যদি خَلَا বা عَدَا এর পরে উল্লেখ করা হয়। তাহলে অধিকাংশ আলেমের মতে مستثنى – মনছুব হয়। যেমনঃ

جَاءَنِى الْقَوْمُ عَدَا زَيْدًا - جَاءَنِى الْقَوْمُ خَلَا زَيْدًا

(৫) مستثنى কে যদি لَا يَكُوْنُ বা لَيْسَ - مَا عَدَا - مَا خَلَا এর পরে উল্লেখ করা হয় তাহলে مستثنى সর্বসম্মতিক্রমে منصوب হয়। যেমনঃ

جَاءَنِى الْقَوْمُ مَا عَدَا زَيْدًا - جَاءَنِى الْقَوْمُ مَا خَلَا زَيْدًا

দ্বিতীয় প্রকার ঃ مستثنى কে দুইভাবে পড়া যায়

كلام غير موجب এ مستثنى কে যদি اِلَّا এর পর উল্লেখ করা হয় এবং مستثنى منه উল্লেখ থাকে, তাহলে مستثنى কে দুইভাবে পড়া যায়।

(১) مستثنى হিসেবে نصب দিয়ে পড়া যায়। যেমনঃ

مَاجَاءَنِىْ اَحَدٌ اِلَّا زَيْدًا

(২) بدل হিসেবে مبدل منه এর اعراب দিয়ে পড়া যায়। যেমনঃ

مَا جَاءَنِىْ اَحَدٌ اِلَّا زَيْدٌ - مَا رَأَيْتُ اَحَدًا اِلَّا زَيْدًا -
مَا مَرَرْتُ بِاَحَدٍ اِلَّا بِزَيْدٍ

তৃতীয় প্রকার ঃ مستثنى কে পূর্বের আমেল অনুযায়ী এ'রাব দিয়ে পড়া যায়। كلام غير موجب এ مستثنى কে যদি اِلَّا এর পরে উল্লেখ করা হয় এবং مستثنى منه উল্লেখ না থাকে, তাহলে

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৫১ ও ১৫২ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

পূর্বের আমেল অনুযায়ী مستثنى এর اعراب হবে। যেমন ঃ

مَا جَاءَنِىْ اِلاَّ زَيْدٌ - مَا رَأَيْتُ اِلاَّ زَيْدًا - مَا مَرَرْتُ اِلاَّ بِزَيْدٍ

চতুর্থ প্রকার ঃ مستثنى কে মাজরুর পড়া হয়।

مستثنى কে যদি غَيْرَ - سِوٰى বা سِوَاءَ এর পরে উল্লেখ করা হয়, তাহলে مستثنى – মাজরুর হয়। যেমন ঃ

جَاءَنِى الْقَوْمُ غَيْرُ زَيْدٍ

আর মুসতাছনা যদি حاشا এর পরে উল্লেখ হয় তাহলে অধিকাংশ আলেমের মতে মাজরুর হয়। তবে কোন কোন আলেমের মতে منصوب হয়। যেমন ঃ جَاءَنِى الْقَوْمُ حَاشَا زَيْدٍ

প্রশ্ন ঃ غير এর اعراب কি হবে?

উত্তর ঃ غَيْرَ এর এরাব- ا সহ مستثنى এর اعراب এর মত হয়। তখন مستثنى টি মুযাফ ইলাইহি হওয়ার কারণে مجرور হয়। যেমন ঃ

جَاءَنِى الْقَوْمُ غَيْرَ زَيْدٍ وَغَيْرَ حِمَارٍ - وَمَا جَاءَنِىْ غَيْرَ زَيْدٍ الْقَوْمُ - ومَا جَاءَنِىْ اَحَدٌ غَيْرَ زَيْدٍ وغَيْرُ زَيْدٍ - وَمَا جَاءَنِىْ غَيْرُ زَيْدٍ - وَمَا رَأَيْتُ غَيْرَ زَيْدٍ وَمَا مَرَرْتُ بِغَيْرِ زَيْدٍ -

প্রশ্ন ঃ غير ও ا এর মাঝে পার্থক্য কি? বুঝিয়ে বল।

উত্তর ঃ غير শব্দটি মূলতঃ صفت এর জন্য গঠিত হয়েছে। কিন্তু কখনও তা استثناء এর জন্য ব্যবহৃত হয় আর ا শব্দটি مستثنى এর জন্য গঠিত হয়েছে। কিন্তু কখনো তা صفت এর জন্যও ব্যবহৃত হয়। যেমন ঃ لَوْ كَانَ فِيْهِمَا اٰلِهَةٌ اِلاَّ اللّٰهُ لَفَسَدَتَا অর্থাৎ غير الله অনুরূপভাবে لَا اِلٰهَ اِلاَّ اللّٰهُ এর অর্থ (আল্লাহ ছাড়া কোন মাবুদ নাই)।

নাহবেমীর সমাপ্ত

এই পৃষ্ঠার উদাহরণের তারকীব ১৫২ পৃষ্ঠায় দেখুন

www.islamijindegi.com

خـلاصة
নাহবেমীর -এর সার-সংক্ষেপ

بسم الله الرحمن الرحيم

الحمد لله رب العالمين . والصلاة والسلام على سيد المرسلين محمد واله واصحابه اجمعين . اعلم -ارشدنا وارشدك الله ارشادا تاما- اللفظ العربي الموضوع للمعنى اما مفرد او مركب. فالمركب جملة وكلام ومركب اضافي ومركب توصيفي ومركب امتزاجي . والمفرد يسمى كلمة . وهي اسم وفعل وحرف . فالاسم معرب ومبنى . والمعرب مرفوع ومنصوب ومجرور . فالمرفوع : فاعل ومفعول ما لم يسمى فاعله ومبتدأ وخبر المبتدأ وخبر ان واخواتها واسم كان واخواته وخبر لا لنفي الجنس واسم ما ولا بمعنى ليس.

আমি আরম্ভ ক'রছি আল্লাহ তা'য়ালার নামে যিনি পরম করুনাময় এবং অতি দয়ালু।

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য যিনি সমস্ত জগতের প্রতিপালক এবং সকল রাসূলের সর্দার মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর বংশধর ও সমস্ত সাহাবায়ে কেরামের প্রতি পরিপূর্ণ রহমত অবতীর্ণ হোক।

তোমরা জেনে রাখ যে, (আল্লাহ তায়ালা আমাকে এবং তোমাকে পরিপূর্ণ পথ প্রদর্শন করুন) আরবী অর্থবোধক শব্দ দুই প্রকার ঃ

(১) مفرد (২) مركب। মুরাক্কাবকে جملة ও كلام বলা হয়।

مركب তিন প্রকার (১) مركب اضافي (২) مركب توصيفى (৩) مركب امتزاجي আর মুফরাদ কে কালেমাও বলা হয়। কালেমা তিন প্রকার ঃ (১) اسم (২) فعل (৩) حرف অতঃপর اسم দুই প্রকার ঃ (১) معرب (২) مبني معرب আবার اسم তিন প্রকার ঃ (১) مرفوع (২) منصوب (৩) مجرور

مرفوعات আট প্রকার ঃ

(১) فاعل (২) مفعول ما لم يسم فاعله (৩) مبتدأ (৪) خبرالمبتدأ (৫) اسم ما ولا المشبهتان بليس (৬) خبر إن وأخواتها (৭) اسم كان واخواتها (৮) خبر لا لنفى الجنس .

www.islamijindegi.com

والمنصوب : المفعول المطلق والمفعول به والمفعول فيه والمفعول له والمفعول معه والحال والتمييز والمستثنى واسم ان واخواتها وخبر كان واخواته واسم لا لنفى الجنس وخبر ما ولا بمعنى ليس . والمجرور بالمضاف وما دخله حرف من حروف الجر. وسيجيئ ذكرها ويجيئ لكل من المرفوع والمنصوب والمجرور توابع يكون اعرابها كاعرابه . وهي خمس : النعت والتاكيد والمعطوف بحرف العطف وستعرفه والبدل وعطف البيان . والمبنى : المضمرات واسماء الاشارة والموصولات والكنايات واسمآء الافعال واسماء الاصوات وبعض الظروف والمركب البنائي . ايضا الاسم على قسمين : مشتق وجامد . فالمشتق اسم الفاعل واسم المفعول والصفة المشبة

منصوبات বার প্রকার ঃ (১) مفعول مطلق (২) مفعول به (৩) مفعول له (৪) مفعول معه (৫) مفعول فيه (৬) حال (৭) تميز (৮) مستثنى (৯) اسم إن واخواتها (১০) خبر كان واخواتها (১১) اسم لا لنفي الجنس (১২) خبر ما ولا بمعنى ليس

مجرورات দু'প্রকার ঃ (১) مضاف اليه (২) এমন اسم যাতে حرف جار আসে। حرف جار এর বর্ণনা সামনে করা হচ্ছে। আর প্রত্যেক مجرور ও منصوب - مرفوع এর توابع হয়ে থাকে এবং ঐ توابع -এর এ'রাব متبوع এর اعراب মতই হয়ে থাকে। আর ঐ توابع মোট পাঁচ প্রকার ঃ যথা- (১) نعت (২) تاكيد (৩) معطوف (৪) بدل (৫) عطف بيان

অচিরেই তুমি এসম্পর্কে জানতে পারবে।

مبنى মোট আট প্রকার ঃ (১) مضمرات (২) اسمائے اشارات (৩) اسمائے موصولات (৪) اسمائے كنايات (৫) اسمائے افعال (৬) اسمائے اصوات (৭) بعض الظروف (৮) مركب بنائى

اسم দুই প্রকার ঃ (১) اسم مشتق (২) اسم جامد

اسم مشتق সাত প্রকার ঃ (১) اسم فاعل (২) اسم مفعول (৩) صفت مشبه

www.islamijindegi.com

واسم التفضيل واسم الزمان واسم المكان واسم الآلة . والجامد ما سواه كالمصدر وغيره . والفعل ماض ومضارع والامر بلا لام ،الامر بها والنهي . فالماضي والامر بلا لام مبنيان وماسواهما معرب . ثم المضارع يرتفع اذا تجرد عن الناصب والجازم وينتصب بالناصب وينجزم بالجازم . وسيجيئ ذكر الناصب والجازم في بحث الحرف . واما الامر باللام والنهي فينجزمان ابدا . ثم اعلم ان الفعل لازم ومتعد فاللازم ما لا يقتضي مفعولا به مثل جاء وقت الصلاة . والمتعدي ما يقتضيه .

---

(৪) اسم تفضيل (৫) ظرف زمان (৬) ظرف مكان (৭) اسم آله
اسم مشتق ছাড়া বাকী সব ইসম জামেদ। যেমন ঃ মাছদার ইত্যাদি।

فعل পাঁচ প্রকারঃ (১) ماضى (২) مضارع (৩) امر بلا لام (৪) امر باللام (৫) نهى

অতঃপর فعل ماضى ও امر حاضر معروف উভয়টি মাবনী। আর এ দুটি ব্যতিত বাকী সব فعل মু'রাব।

